# আপনার টাকা, আপনার ভবিষ্যৎ!

2022 সালের নতুন সংস্করণ

## অর্থনৈতিক জ্ঞান ও ক্ষমতায়ন সংক্রান্ত একটি প্রাথমিক নির্দেশিকা



# স্বীকৃতি

অভিবাসী পরিবারগুলিকে অর্থনৈতিক শিক্ষালাভে উদ্বুদ্ধ করার যৌথ উদ্যোগের অংশ হিসাবে নিউ ইয়র্ক ইমিগ্রেশন কোয়ালিশন ও কোয়ালিটাস এই নির্দেশিকার প্রথম সংস্করণ তৈরি করে 2017 সালে। 2022 সালে, এই সংস্থা দুটি অত্যাবশ্যকীয় বিষয় সহ আরও উন্নত সংস্করণ বানানোর মাধ্যমে এই পরিবারগুলির পরিবর্তিত আর্থিক চাহিদা সম্পর্কে নিজেদের সক্রিয়তার অঙ্গীকার আবারও সুনিশ্চিত করেছে।

আমাদের শহরের চাবিকাটি উদ্যোগের মাধ্যমে নিউ ইয়র্ক সিটি কাউন্সিল ও নিউ ইয়র্ক সিটি কাউন্সিল স্পীকার মেলিসা মার্ক-ভিভেরিটোর মুক্ত হস্তের দান ও বিশেষ সমর্থনেই এই প্রকল্প তৈরি করা সম্ভব হয়েছে।

NYIC সদস্য সংস্থাগুলিকে বিশেষ ধন্যবাদ জানাই যারা বিভিন্ন ফোকাস গ্রুপ: আরব আমেরিকান অ্যাসোসিয়েশন অফ নিউ ইয়র্ক, আফ্রিকান সার্ভিসেস কমিটি, লা কলমেনা-কমিউনিটি জব সেন্টার, চাইনিজ প্রোগ্রেসিভ অ্যাসোসিয়েশন, ও মিনকুওন সেন্টার ফর কমিউনিটি অ্যাকশন সংগঠিত করতে আমাদের সহায়তা করেছে। এই নির্দেশিকা প্রস্তুতির ক্ষেত্রে মূল্যবান উপদেশ, প্রশ্ন ও পরামর্শ জানানোর জন্য আমরা ফোকাস গ্রুপগুলির অংশগ্রহণকারীদের কাছে কৃতজ্ঞ।

চিত্র

ক্ল্যারিটা সার্না • সেন্ট্রাল স্টুডিও

সেন্ট্রাল স্টুডিও

Kevin McLaughlin.

আরও তথ্যের জন্য যোগাযোগ করুন: নিউ ইয়র্ক ইমিগ্রেশন কোয়ালিশন, ফোন নং-**212-627-2227**

# সূচীপত্র


## ডিরেক্টরদের বার্তা ........ v

## 1. অর্থনৈতিক ব্যবস্থা ........ 1

অর্থনৈতিক ব্যবস্থা কি? ........ 1

একটি ব্যাঙ্ক ও একটি ক্রেডিট ইউনিয়নের মধ্যে পার্থক্য কি? ........ 2

ব্যাঙ্ক বা ক্রেডিট ইউনিয়নে কীভাবে অ্যাকাউন্ট খুলব? ........ 4

ব্যাঙ্কিং ব্যবস্থা সংক্রান্ত জনশ্রুতি আর বাস্তব তথ্যগুলি কি? ........ 5

ব্যাঙ্কড ও আন্ডারব্যাঙ্কডের মধ্যে পার্থক্য কি আর আমার জন্য সেটা জানা দরকারি কেন? ........ 7

অনলাইন ব্যাঙ্কিং কি? ........ 8

ইলেকট্রনিক ওয়ালেট কি? ........ 9

আপনার টাকা কীভাবে সুরক্ষিত রাখব? ........ 10

## 2. অর্থনৈতিক লক্ষ্য ........ 12

অর্থনৈতিক লক্ষ্য কি? ........ 12

আমি কীভাবে একটি অর্থনৈতিক লক্ষ্য অর্জন করব? ........ 12

একটি SMART অর্থনৈতিক লক্ষ্যের উদাহরণ ........ 13

## 3. বাজেট তৈরি করা ........ 14

বাজেট কি? ........ 14

বাজেট তৈরি করার আগে আমাকে কি কি জানতে হবে? ........ 14

বাজেট বানানোর সুবিধা কি? ........ 15

আমি কীভাবে বাজেট বানাবো? ........ 15

আমি কি বাজেটের মধ্যে রেমিটেন্সকেও ধরব? ........ 16

বাজেটকে কীভাবে ফলপ্রদ করা যাবে? ........ 16

একটি বাজেটের উদাহরণ ........ 17

## 4. সঞ্চয় ও তার সমস্যা ........ 18

সঞ্চয়ের গুরুত্ব ........ 19

এই দেশের একজন অভিবাসী হিসাবে আমি টাকা সঞ্চয় করব কেন? ........ 20

আমি কীভাবে টাকা সঞ্চয় করতে পারব? ........ 21

আপদকালীন পরিস্থিতির জন্য সঞ্চয় ........ 22

টাকা সঞ্চয়ের নিরাপদ উপায় ........ 22

কলেজের জন্য সঞ্চয় ........ 23

বিকল্প সঞ্চয় ব্যবস্থাগুলি কি কি? ........ 24

সঞ্চয় ও বিতাড়ন ....................................................................................................27
সঞ্চয় পদ্ধতির উদাহরণ ...............................................................................................28

**5. ক্রেডিট ............................................................................................... 30**

ক্রেডিট কি? ............................................................................................................30
আমরা কোন ক্ষেত্রে ক্রেডিট ব্যবহার করব? ..........................................................................30
এর তাৎপর্য কি? .......................................................................................................30
আমি কীভাবে ক্রেডিট লাভ করব? ....................................................................................31
IITIN নম্বর ............................................................................................................31
প্রথমবার কীভাবে ক্রেডিট ব্যবহার করব? ..........................................................................32
ক্রেডিট সংক্রান্ত প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী ..........................................................................33

**6. ট্যাক্স ................................................................................................ 35**

আমি ট্যাক্স কেন দেব? ..................................................................................................35
আমায় কি ট্যাক্স দিতেই হবে?..........................................................................................35
কোন ধরণের আয়ের ক্ষেত্রে ট্যাক্স দিতে হবে?.....................................................................36
আমার ট্যাক্স রিটার্নের মধ্যে কি কি অন্তর্ভুক্ত করতে হবে? ......................................................36
ট্যাক্স দেওয়ার জন্য আমার কোন কোন নথিপত্রের দরকার হবে? ................................................37
আমার ট্যাক্স ফাইল করার কাজে কে সাহায্য করতে পারবেন? ...................................................37
কোথায় বিশ্বস্ত ও বিনামূল্যের পরিষেবা পাব?........................................................................38
ট্যাক্স সেশনের জন্য প্রস্তুত থাকার সুপারিশসমূহ ....................................................................39

**7. প্রতারণা ও অর্থনৈতিক অপব্যবহার ......................................................... 40**

অভিবাসীদের লক্ষ্য করে প্রতারণার উদাহরণ .......................................................................40
অন্যান্য ধরণের জালিয়াতি ............................................................................................42
নিজেকে কীভাবে সুরক্ষিত রাখব? ...................................................................................43
Wআমার পরিচয় চুরি হয়ে গেলে কি করব? ........................................................................43

**8. অন্যান্য সংস্থান ....................................................................................... 45**

IDNYC কার্ড গ্রহণকারী ব্যাঙ্ক ও ক্রেডিট ইউনিয়ন...............................................................45
অতিরিক্ত সংস্থান .......................................................................................................48

# ডিরেক্টরদের বার্তা...

প্রিয় পরিবারেরা:

COVID-19 এর সঙ্কট চলাকালীন নিউ ইয়র্কের অভিবাসী পরিবারগুলির সাথে ঘটা বৈষম্য সবার সামনে উঠে আসে। নিউ ইয়র্কের সমাজ, সংস্কৃতি ও অর্থনীতির উন্নয়নে এই পরিবারগুলির গুরুত্বপূর্ণ ভূমিকা থাকা সত্ত্বেও তাদের স্বাস্থ্য ও অর্থনৈতিক সমস্যা নিজেদেরই মোকাবিলা করার জন্য ছেড়ে দেওয়া হয়। সবথেকে গুরুত্বপূর্ণ ব্যাপার হল, আমাদের কঠোর পরিশ্রমী অভিবাসী পরিবারগুলিকে প্রস্তুত ও সহায়তা করার জন্য সংস্থাগুলির ব্যবহারযোগ্য উপকরণ গঠন করে যাওয়া দরকার।

এই অর্থনৈতিক শিক্ষার নির্দেশিকা পাঠ্য আমরা এই আশা নিয়েই তৈরি করেছি। আমরা নিশ্চিত করতে চাই যে নিউ ইয়র্কের অভিবাসীরা শুধুমাত্র অবগত থাকবে, নিজেদের সুরক্ষিত রাখবে ও তাদের আর্থিক অধিকার তুলে ধরবে তাই নয়, সেইসঙ্গে আমরা চাই তাদের উপার্জন এমনভাবে সঞ্চিত থাকুক যাতে তারা নিজেদের ও নিজেদের পরিবারের ভবিষ্যৎ সবথেকে ভালোভাবে গড়ে তুলতে পারেন।

ফোকাস গ্রুপগুলিকে ব্যবহার করার মাধ্যমে আমরা প্রাথমিক অর্থনৈতিক শিক্ষার এই প্রারম্ভিক নির্দেশিকা গড়ে তুলেছি যাতে সমাজের মধ্যে থেকে আশু প্রয়োজনগুলিকে চিহ্নিত করা যায়। আমরা নিউ ইয়র্কের সমস্ত অভিবাসীদের উদ্বুদ্ধ করছি যাতে তারা আরও ভালো আর্থিক বিকল্প ব্যবহার করতে পারার জন্য ও আরও বিশ্বস্ত পরিষেবার দাবী জানানোর মত ক্ষমতাশালী হতে নিজেদের অর্থনীতি সম্পর্কে শিক্ষিত করার সুযোগ খুঁজে নেন।


এই জ্ঞানের সাথে অভিবাসী পরিবারগুলি আর্থিক স্থিতিশীলতা ও সাফল্য অর্জনের আরও একটু কাজে এগিয়ে যেতে পারবেন এবং এক সমৃদ্ধশালী সমাজ, শহরের অংশ হয়ে সামগ্রিকভাবে ভালো থাকবেন।

কোয়ালিটাস অফ লাইফ ফাউন্ডেশন হল একটি অলাভজনক প্রতিষ্ঠান যা নিউ ইয়র্কের হিস্প্যানিক ব্যক্তি ও তাদের পরিবারগুলিকে প্রাথমিক অর্থনৈতিক শিক্ষা প্রদান করে, যাতে তাদের আর্থিক নিরাপত্তা বজায় থাকে ও জীবনের মান উন্নত হয়।

নিউ ইয়র্ক ইমিগ্রেশন কোয়ালিশন হল একটি অলাভজনক প্রতিষ্ঠান যারা এমন শক্তিশালী নিউ ইয়র্ক রাজ্যের কল্পনা করে যেখানে যেকোন ব্যক্তিকে স্বাগত জানানো হয়, ন্যায্য আচরণ করা হয় ও তাদের স্বপ্ন পূরণের সুযোগ দেওয়া হয়। কোয়ালিশন অভিবাসী, সদস্য ও সহযোগীদের একত্রিত করে সমস্ত নিউ ইয়র্কবাসীর উন্নতিতে সাহায্য করে।

বিনীত,






মিরিয়াম রেবলিং (Myriam Rebling)
এক্সিকিউটিভ ডিরেক্টর
Qualitas of Life Foundation

মুরাদ আওয়াওদেহ (Murad Awawdeh)
এক্সিকিউটিভ ডিরেক্টর
New York Immigration Coalition

আমার কিছু আত্মীয় এখানে থেকেছেন। এখানকার শিক্ষা আর স্বাস্থ্য পরিষেবা অনেক উন্নত। আর এখানে মানুষের সাথে খুব ভালো ব্যবহার করা হয়। ওদের বিমা রয়েছে। আপনার প্রয়োজনীয় সব পরিষেবা এনারা দেবেন। কিন্তু আমাদের দেশে, আপনি হাসপাতালের বাইরে মরে গেলেও আপনাকে ভিতরে ঢুকতে দেবে না। এখানে খাবারের দাম অনেক বেশী। কিন্তু তা সত্ত্বেও, আয়ের সাথে তুলনা করলে, সেটা এমন কিছু নয়। আর আমি এখানে এসেছি যাতে আমার বাচ্চারা ভালো শিক্ষা পেতে পারে। ভালো পরিবেশে বেড়ে ওঠার জন্য বাচ্চাদের দরকার ভালো শিক্ষা।

আমি এখানে চলে এসেছি কারণ ইয়েমেনে গৃহযুদ্ধ চলছে।

আলিয়া – ব্রুকলিন



# 1. অর্থনৈতিক ব্যবস্থা

**ব্যাঙ্ক বা ক্রেডিট ইউনিয়ন অ্যাকাউন্ট খোলার ক্ষেত্রে অভিবাসন স্থিতি আপনার সামনে বাধা হয়ে দাঁড়াবে না।**

## অর্থনৈতিক ব্যবস্থা কি?

ইউনাইটেড স্টেটসের অর্থনৈতিক ব্যবস্থা গড়ে উঠেছে ব্যাঙ্কিং ব্যবস্থা, বিকল্প আর্থিক ব্যবস্থা ও অর্থনৈতিক বাজারগুলি নিয়ে।

**ব্যাঙ্কিং ব্যবস্থা** হল একটি প্রদত্ত অর্থনীতির মধ্যে থাকা একগুচ্ছ প্রতিষ্ঠান যারা অর্থের ব্যবস্থাপনা করার জন্য বিভিন্ন পরিষেবা দেয় এবং যুক্তরাষ্ট্রীয় ও রাজ্য, উভয় স্তরে ফেডেরাল ডিপোজিট ইন্সিওরেন্স কর্পোরেশন (FDIC) ও ন্যাশনাল ক্রেডিট ইউনিয়ন অ্যাডমিনিস্ট্রেশন (NCUA) দ্বারা নিয়ন্ত্রিত হয়। ব্যাঙ্কিং ব্যবস্থার প্রধান প্রতিষ্ঠানগুলি হল:

- ব্যাঙ্ক
- ক্রেডিট ইউনিয়ন
- সেভিংস ইন্সটিটিউশন
- মোবাইল-ওনলি ব্যাঙ্ক

**বিকল্প আর্থিক ব্যবস্থা** বলতে যুক্তরাষ্ট্রীয় স্তরে বিমাকৃত ব্যাঙ্কগুলি ছাড়া অন্যান্য ব্যাঙ্ক নয় এমন আর্থিক পরিষেবা প্রদাতাদের দেওয়া বিভিন্ন আর্থিক পরিষেবাকে বোঝানো হয়। এগুলি রাজ্য ও যুক্তরাষ্ট্রীয় স্তরে কনজিউমার ফাইন্যান্সিয়াল প্রোটেকশন ব্যুরো (CFPB) দ্বারা নিয়ন্ত্রিত হয়, এবং প্রতিষ্ঠানের উপর নির্ভর করে, অন্যান্য সংস্থা তাদের কাজের তদারকি করতে পারে। **বিকল্প আর্থিক পরিষেবাগুলি সবসময় খারাপ হবে এমনটা নয়, তবে এরা অনেক বেশী পারিশ্রমিক নেয় আর ঝুঁকিও অনেক বেশী থাকে।** বিকল্প আর্থিক পরিষেবার উদাহরণ হল:

- চেক ক্যাশার
- পন শপ
- রেমিটেন্স কোম্পানি
- লোন বা ফাইন্যান্স কোম্পানি
- মানি সার্ভিস বিজনেস
- প্রিপেড কার্ডের অপারেটর

অর্থনৈতিক বাজারের মধ্যে সেইসব জায়গা বা ব্যবস্থা অন্তর্ভুক্ত থাকে যেখানে ক্রেতা ও বিক্রেতারা বন্ড, ইকুইটি, বিভিন্ন আন্তর্জাতিক মুদ্রা ইত্যাদি আর্থিক সরঞ্জাম লেনদেন করতে পারেন। এগুলি সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (SEC) ও কমোডিটি ফিচারস ট্রেডিং কমিশন (C

*আমার একটি অ্যাকাউন্ট আছে আর সেটা আমি নিয়ন্ত্রণ করতে পারি। আমি কোন সুদ পাই না তবে ব্যাঙ্ক অ্যাকাউন্ট ব্যবহার করা আমার পক্ষে সুবিধাজনক আর সাথে ক্রেডিট কার্ডও আছে। আমি যখন টাকা পাঠাই, সেটাও খুব সহজে হয়ে যায়। আমি স্রেফ একটা চেক লিখে দিই আর আমার চেকিং অ্যাকাউন্টের জন্য অনলাইনে টাকা দিতেও এটা ব্যবহার করতে পারি।*

*আমার অ্যাকাউন্টে যখন টাকা থাকে, আমি চেক লিখে নিজের ভাড়া আর অন্যান্য বিল মেটাই। আমি কাগজের চেক দিই। অনেকে ক্রেডিট কার্ডেও বিল মেটায় কিন্তু আমি নিজের চেকিং অ্যাকাউন্ট থেকেই সব ধরণের পেমেন্ট করি।*

*মার্টিন – ম্যানহাটন*



দ্বারা নিয়ন্ত্রিত হয়। অর্থনৈতিক বাজারের প্রধান প্রতিষ্ঠানগুলি হল:

- স্টক মার্কেট
- বন্ড মার্কেট
- কমোটিডি মার্কেট


## একটি ব্যাঙ্ক ও একটি ক্রেডিট ইউনিয়নের মধ্যে পার্থক কি?

ব্যাঙ্ক আর ক্রেডিট ইউনিয়ন হল দুটি অর্থনৈতিক প্রতিষ্ঠান যারা আমাদের টাকা সামলে রাখতে সাহায্য করে।

বহু মানুষের একাধিক কারণে একটি ব্যাঙ্ক বা ক্রেডিট ইউনিয়ন অ্যাকাউন্ট থাকে না, যেমন: সঞ্চয় না থাকা, প্রাতিষ্ঠানিক কর্মসংস্থান না থাকা, প্রতিষ্ঠানগুলির প্রতি ভরসা না থাকা অথবা যথেষ্ট তথ্য না থাকা। অভিবাসী সম্প্রদায়ের অনেকেই মনে করেন যে তাদের অভিবাসন স্থিতির জন্য, তারা যথেষ্ট উপার্জন করেন না বলে অথবা তাদের নিজেদের দেশের অর্থনৈতিক ব্যবস্থার বিষয়ে তাদের খারাপ অভিজ্ঞতার কারণে তারা অর্থনৈতিক প্রতিষ্ঠানে অ্যাকাউন্ট খুলতে পারবেন না।

*"ব্যাঙ্ক যেটা চায় তা হল আপনার আর্থিক বিশ্বাসযোগ্যতা, সেটা যদি আপনার থাকে তাহলে আপনার যা চাই তারা সেটা দেবে, আর আপনার জীবনও অনেক সহজ থাকবে।"*

*টাই – ম্যানহাটন*



আপনি যে প্রতিষ্ঠানকেই বেছে নিন না কেন, আপনার টাকা যুক্তরাষ্ট্রীয় বিধি অনুযায়ী বিমাকৃত থাকবে। ব্যাঙ্ক হল একটি বেসরকারি, লাভজনক প্রতিষ্ঠান এবং এরা সাধারণ মানুষকে (তাদের ক্লায়েন্ট) পরিষেবা দিলেও, এদের পরিষেবা মূল্য ক্রেডিট ইউনিয়নের থেকে বেশী হয়। ব্যাঙ্কগুলি গ্রাহক পরিষেবার দিকে মনোযোগ দেয় এবং অনেক সময়ই স্প্যানিশ, চাইনিজ বা কোরিয়ানের মত বিভিন্ন ভাষায় কথা বলা কর্মচারী থাকেন, তবে এই ব্যাঙ্ক শাখাগুলি হয়ত আপনাকে নিজেকেই খুঁজে নিতে হবে। অন্যদিকে, ক্রেডিট ইউনিয়ন হল অলাভজনক সংস্থা যারা আর্থিক পরিষেবা প্রদান করে, তবে এদের পারিশ্রমিক সাধারণত কিছুটা কম হয়। কোঅপারেটিভ হিসাবে টাকা জমা রাখা যেকোন ব্যক্তিই এদের সদস্য হয়ে যান। ক্রেডিট ইউনিয়নগুলি বর্তমানে প্রধানত অভিবাসী সম্প্রদায়গুলির মধ্যে নিজেদের উপস্থিতি বৃদ্ধি করছে এবং এগুলি সাধারণত সমাজভিত্তিক হয় ও কম আয়কারী কর্মীদের আর্থিক অন্তর্ভুক্তির জন্য কাজ করে। তবে মনে রাখবেন সমস্ত ক্রেডিট ইউনিয়নেরই একটি সামাজিক উন্নয়নের লক্ষ্য থাকবে তা নয়। ৪. অন্যান্য সংস্থান দেখুন।

| ব্যাঙ্ক | ক্রেডিট ইউনিয়ন |
|---|---|
| **বেসরকারি, লাভজনক অর্থনৈতিক প্রতিষ্ঠান** | **অলাভজনক অর্থনৈতিক প্রতিষ্ঠান বহু ক্ষেত্রে, ক্রেডিট ইউনিয়নের কাজগুলি নির্দিষ্ট সম্প্রদায়ের জন্য পরিচালিত হয়** |
| টাকা জমা রাখা যেকোন ব্যক্তি এদের ক্লায়েন্ট বা একজন অ্যাকাউন্ট হোল্ডার হয়ে যান | টাকা জমা রাখা যেকোন ব্যক্তি একজন সদস্য হতে পারেন |
| সাধারণ মানুষকে পরিষেবা দেয় | একটি নির্দিষ্ট সম্প্রদায় বা নির্দিষ্ট ভৌগলিক অঞ্চলে পরিষেবা দেয়।<br>উদাহরণস্বরূপ: একটি কোম্পানির কর্মচারীদের, একটি এলাকার বাসিন্দাদের। |
| পরিষেবা মূল্য সাধারণত বেশী হয় | পরিষেবা মূল্য সাধারণত কম হয় |
| বিভিন্ন ভৌগলিক অঞ্চলে শাখা থাকে | একটি সুনির্দিষ্ট ভৌগলিক অঞ্চলের মধ্যে সীমিত সংখ্যক শাখা থাকে |
| বধিি অনুযায়ী অভবিাসন স্থতিি নরি্বশিষে যকেে ান ব্যক্তই ব্যাঙ্ক অ্যাকাউন্ট খুলতে পারবনে।<br>কিছু ব্যাঙ্ক কাগজহীন মানুষদের জন্য তাদের প্রক্রিয়াগুলিকে অন্যদের তুলনায় সহজ বা কম জটিল বানিয়ে রাখে। (নির্দেশিকার শেষে দেওয়া তালিকা দেখুন) | অভিবাসন স্থিতি নির্বিশেষে ক্রেডিট ইউনিয়ন অ্যাকাউন্ট খোলা যাবে |
| গ্রাহক পরিষেবার গুরুত্ব বোঝে | গ্রাহক পরিষেবার গুরুত্ব বোঝে |
| ব্যাঙ্ক অ্যাকাউন্টে থাকা টাকা যুক্তরাষ্ট্রীয় আইন দ্বারা বিমাকৃত থাকে। ব্যাঙ্কে ডাকাতি হলে (অথবা প্রাকৃতিক বিপর্যয় ঘটলে), এমনকি টাকা হারিয়ে গেলেও তার জায়গা যেকোনভাবে পূরণ করে দিতে হবে। | যুক্তরাষ্ট্রীয় ক্রেডিট ইউনিয়ন ও রাজ্য ক্রেডিট ইউনিয়নের 95% এর আমানত ন্যাশনাল ক্রেডিট ইউনিয়ন অ্যাডমিনিস্ট্রেশন (NCUA) দ্বারা বিমাকৃত থাকে। |

# ব্যাঙ্ক বা ক্রেডিট ইউনিয়নে কীভাবে অ্যাকাউন্ট খুলব?

*আপনার কেবল 2টি ID লাগবে! অভিবাসন স্থিতি কোন ব্যাপারই নয়।*

*ন্যাটালিয়া – স্ট্যাটেন আইল্যান্ড*

প্রতিটি প্রতিষ্ঠানের চাহিদা আলাদা থাকে, তবে বেশীরভাগ ব্যাঙ্ক ও ক্রেডিট ইউনিয়নে নিম্নলিখিত বিষয়ের প্রমাণ চাইবে:

- নাম
- জন্মতারিখ
- বাসস্থান বা কাজের জায়গার ঠিকানা
- আইডেন্টিফিকেশন নম্বর

আপনার কাগজপত্র না থাকলেও এই বিষয়গুলির প্রমাণ সহজেই দিতে পারবেন। সোশ্যাল সিকিউরিটি নম্বর না থাকা সম্ভাব্য ক্লায়েন্টকে কীভাবে পরিষেবা দিতে হবে এই ব্যাপারে অনেক ব্যাঙ্ক বা ক্রেডিট ইউনিয়নের কাছেই যথেষ্ট তথ্য থাকে না। সেক্ষেত্রে, আপনাকে অন্য একটি ব্যাঙ্ক বা ক্রেডিট ইউনিয়ন খুঁজে নিতে হবে যারা সম্প্রদায়-ভিত্তিক হবে এবং সম্প্রদায়ের জন্য পরিচালিত লক্ষ্যের সাথে কাজ করবে, এখানে আপনিও স্বাচ্ছন্দ্যের সাথে পরিষেবা লাভ করতে পারবেন।




**নাম।** অন্ততপক্ষে একটি সরকার দ্বারা জারি করা ফটো আইডেন্টিফিকেশন জমা দিতে হবে, যেমন:

- মেয়াদ থাকা পাসপোর্ট
- মিউনিসিপ্যাল আইডি (IDNYC)
- কনস্যুলার আইডেন্টিফিকেশন কার্ড
- সরকার দ্বারা জারি করা ড্রাইভারস লাইসেন্স




**জন্মতারিখ।** অন্ততপক্ষে একটি জমা দিন।

- মেয়াদ থাকা পাসপোর্ট
- বার্থ সার্টিফিকেট
- কনস্যুলার আইডেন্টিফিকেশন কার্ড
- সরকার দ্বারা জারি করা ড্রাইভারস লাইসেন্স

**ঠিকানার প্রমাণ।** আপনার বাড়ির ঠিকানার একটি প্রমাণ জমা দিন, যেমন:

- ব্যবহারের বিল: বর্তমান টেলিফোন, ইউটিলিটি বা কেবল বিল
- বর্তমান লীজ বা ভাড়ার রসিদ
- ঠিকানা লেখা বর্তমান ক্লিনিক কার্ড
- জনগণ সহায়তা থেকে বর্তমান হিউম্যান রিসোর্স লেটার
- ভোটার কার্ড

**আইডেন্টিফিকেশন নম্বর।** (সাধারণত, কেবলমাত্র একটিই প্রয়োজন হয়):

- কনস্যুলার আইডেন্টিফিকেশন কার্ড
- মিউনিসিপ্যাল আইডি (IDNYC) (কিছু প্রতিষ্ঠান)*
- সোশ্যাল সিকিউরিটি নম্বর
- ITIN (ইনডিভিজুয়াল ট্যাক্সপেয়োর আইডেন্টিফিকিশেন নম্বর)**
- এমপ্লয়ার আইডি
- ময়োদ থাকা পাসপ োরট

***নির্দিষ্ট কিছু আর্থিক প্রতিষ্ঠান IDNYC গ্রহণ করে। **আপনার কাছে সোশ্যাল সিকিউরিটি নম্বর না থাকলে একটি ইন্ডিভিজুয়াল ট্যাক্সপেয়ার আইডেন্টিফিকেশন নম্বর (ITIN)-এর জন্য আবেদন জানাতে পারবেন এবং ব্যাঙ্ক বা ক্রেডিট ইউনিয়নে তা ব্যবহার করতে পারবেন।**

*(একটি ব্যাঙ্ক অ্যাকাউন্ট থাকার) সুবিধা হল আমার টাকা সেখানে সঞ্চিত থাকবে। আর আমি জানি যে তা সুরক্ষিত থাকবে। এছাড়া ক্রেডিট ব্যবহার করা যাবে। আর একটি ডেবিট কার্ডও পাওয়া যাবে। ব্যাঙ্ক অ্যাকাউন্ট থাকার এটাই সুবিধা। আপনি ক্রেডিট পাবেন।*

*জাহরা – ব্রঙ্কস*

### ITIN কি?

ইন্টারনাল রেভেনিউ সার্ভিস (IRS) সেইসব মানুষকে ইন্ডিভিজুয়াল ট্যাক্সপেয়ার আইডেন্টিফিকেশন নম্বর (ITIN) দেয় যাদের ট্যাক্স রিটার্ন ফাইল করার দরকার হয় কিন্তু সোশ্যাল সিকিউরিটি নম্বরের জন্য যোগ্যতালাভ করেন না। কাগজহীন অভিবাসীদের জন্য এটা একটা নির্ভরযোগ্য বিকল্প এবং ক্রেডিট ব্যবহার করার মত অন্যান্য আর্থিক পরিষেবার ক্ষেত্রে উপযোগী।

*আপনার ব্যাঙ্ক অ্যাকাউন্ট নেই কেন?*


*"কারণ আমি কাজ করি না।"*

*এস্থার – ব্রঙ্কস*

## ব্যাঙ্কিং ব্যবস্থা সংক্রান্ত জনশ্রুতি ও বাস্তব তথ্যগুলি কি কি?

অনেক মানুষেরই ব্যাঙ্ক বা ক্রেডিট ইউনিয়ন সম্পর্কে যথেষ্ট ভীতি থাকে। এই ব্যবস্থা কীভাবে কাজ করে তা অভিবাসীরা নাও জানতে পারেন আর বিশেষ করে সেইজন্যই ভয় পান। তবে তাদের ভয় পাওয়ার কোন কারণ নেই!

অর্থনৈতিক প্রতিষ্ঠানগুলির কিছু নিয়ম থাকে, তবে তাদের পরিষেবা সাধারণত আয়ের পরিমাণ বা অভিবাসন স্থিতি নির্বিশেষে সবার জন্য উন্মুক্ত থাকে। ব্যাঙ্কিং ব্যবস্থা কীভাবে কাজ করে ও এর সব ধরণের সুবিধা কীভাবে ব্যবহার করতে হবে তা জানা অত্যন্ত জরুরী। তবে আপনি যদি স্বচ্ছন্দ্য বোধ না করেন তাহলে অন্য বিকল্প খুঁজতে পারেন।



| জনশ্রুতি | বাস্তব তথ্য |
|---|---|
| ব্যাঙ্ক ও ক্রেডিট ইউনিয়নগুলি সোশ্যাল সিকিউরিটি নম্বর না থাকলে তাদের পরিষেবা লাভ করতে দেয় না। | **বহু ব্যাঙ্ক ও ক্রেডিট ইউনিয়ন কনস্যুলার আইডেন্টিফিকেশন কার্ড, পাসপোর্ট বা ITIN নম্বর থাকা ব্যক্তিদের অ্যাকাউন্ট খুলতে দেয় এবং তাদের পরিষেবা দেয়।** |
| ব্যাঙ্ক বা ক্রেডিট ইউনিয়নে অ্যাকাউন্ট খোলার জন্য আপনার কাছে অনেক টাকা থাকতে হবে। | বহু ব্যাঙ্ক ও ক্রেডিট ইউনিয়ন অল্প টাকা জমা রাখার শর্তেই অ্যাকাউন্ট খুলতে দেয়। এটা জেনে রাখা খুব গুরুত্বপূর্ণ – একটি অ্যাকাউন্ট বজায় রাখার জন্য প্রত্যেক ব্যাঙ্ককে যেকোন ধরণের মূল্য ও ন্যূনতম আমানত সম্পর্কে স্পষ্টভাবে জানিয়ে দেওয়া উচিৎ। |
| ব্যাঙ্ক বা ক্রেডিট ইউনিয়নের অ্যাকাউন্ট খোলার জন্য আপনাকে চাকরী করতে হবে। | **ব্যাঙ্ক বা ক্রেডিট ইউনিয়নে অ্যাকাউন্ট খোলার সময় কাজের প্রমাণ জমা দিতে লাগে না।** আপনাকে প্রথমে কিছু টাকা জমা রাখতে হবে, তবে সেই পরিমাণটা খুবই কম হবে আর আর্থিক প্রতিষ্ঠানে আপনি টাকা সঞ্চয় করা শুরু করতে পারবেন। |
| ব্যাঙ্ক ও ক্রেডিট ইউনিয়নে কেউ স্প্যানিশ, চাইনিজ, কোরিয়ান, ফ্রেঞ্চ বা আরবি ভাষায় কথা বলেন না। | যেসব এলাকায় প্রচুর সংখ্যক অভিবাসী সম্প্রদায়ের মানুষেরা বসবাস করেন, সেখানকার ব্যাঙ্ক ও ক্রেডিট ইউনিয়নগুলিতে এই ভাষাগুলিতে কথা বলার মত ব্যক্তি থাকেন ও সহায়তা করেন। |
| ব্যাঙ্ক ও ক্রেডিট ইউনিয়নে জমানো টাকা সুরক্ষিত থাকে না। | ব্যাঙ্ক ও ক্রেডিট ইউনিয়নে $250,000 পর্যন্ত জমা থাকা সমস্ত আমানত ইউ এস সরকার দ্বারা বিমাকৃত থাকে এবং ব্যাঙ্ক বা ক্রেডিট ইউনিয়নের যাই হোক না কেন, আপনার টাকা খোয়া যাবে না। |
| ব্যাঙ্ক ও ক্রেডিট ইউনিয়নগুলি এত পরিমাণে মূল্য ধার্য করে যে আমার সব টাকা নষ্ট হয়ে যাবে। | ব্যাঙ্ক ও ক্রেডিট ইউনিয়নগুলি কিছু পরিষেবার জন্য মূল্য নেয়, তবে সেই মূল্য সাধারণত চেক ক্যাশার বা পন শপের থেকে কম হয়। ক্লায়েন্টের সাথে প্রথমবার পরিচিত হওয়ার সময়েই ব্যাঙ্ক ও ক্রেডিট ইউনিয়নগুলির স্বচ্ছভাবে ও বন্ধুত্বপূর্ণভাবে সমস্ত সম্ভাব্য মূল্য সম্পর্কে জানিয়ে দেওয়া উচিৎ। |
| ব্যাঙ্ক ও ক্রেডিট ইউনিয়নগুলি আমার তথ্য সরকারকে জানিয়ে দেবে। | ব্যাঙ্ক ও ক্রেডিট ইউনিয়নগুলির **কোন সরকারী সংস্থা বা অন্যান্য প্রতিষ্ঠানকে আপনার তথ্য জানানোর অধিকার নেই,** যদি না অর্থপাচারের সন্দেহ করার মত জোরালো কারণ থাকে। |
| আমাকে বিতাড়িত করা হলে ব্যাঙ্ক ও ক্রেডিট ইউনিয়নগুলি আমার সব টাকা নিয়ে নেবে। | **এই প্রতিষ্ঠানগুলিতে অর্থ নিরাপদ ও সুরক্ষিত থাকে। আপনাকে বিতাড়িত করা হলেও, সেই অর্থ আপনারই থাকবে।** |

# ব্যাঙ্কড ও আন্ডারব্যাঙ্কডের মধ্যে পার্থক্য কি, এবং আমার জন্য সেটা জানা দরকারি কেন?

অনেক সময়, অভিবাসীরা যখন অর্থনৈতিক ব্যবস্থা সংক্রান্ত কোন ধারণা ছাড়াই এই দেশে আসেন, তারা অন্যান্য আর্থিক বিকল্প বেছে নেন, যেমন:

### বিকল্প আর্থিক ব্যবস্থা

- চেক ক্যাশার
- ঋণদাতা
- পন শপ
- রেমিটেন্স কোম্পানি
- পে-ডে লোন

### অপ্রাতিষ্ঠানিক ব্যবস্থা

- লেন্ডিং সার্কেল (টেন্ডাস, সুসুস, কুনডিনাস ইত্যাদি)
- মহাজন (উসুরেরোস, প্রেস্টামিস্টাস ইত্যাদি)

**বিকল্প আর্থিক ব্যবস্থাগুলি সবসময় খারাপ হয় না, তবে তাদের পরিষেবা মূল্য অনেক বেশী হয় আর ঝুঁকিও বেশী থাকে।** ক্রেতা আর্থিক সুরক্ষার দপ্তরগুলি সমস্ত নন-ব্যাঙ্কিং কোম্পানি, প্রিপেড কার্ড, রেমিটেন্স পরিষেবা ও চেক ক্যাশার ইত্যাদির জন্য নিয়ম তৈরি করে ও এগুলির তত্ত্বাবধান করে। অন্যদিকে, ঋণদাতাদের চক্র ও মহাজনদের কেউ নিয়ন্ত্রণ করে না, সরকারী তত্ত্বাবধান থাকে না, এবং সরকারী রেকর্ড ও পরিসংখ্যান দ্বারা হিসাব রাখাও হয় না, ঝুঁকি ও পরিষেবা মূল্য উভয়ই অত্যন্ত বেশী হয়।

**আন্ডারব্যাঙ্কড বা আনব্যাঙ্কড হওয়ার ক্ষেত্রে খরচ বেশী হয় আর এক্ষেত্রে অনেক সময়ও নষ্ট হয়; ব্যক্তি অন্যায়ের শিকার হতে পারেন, আকাশ ছোঁয়া সুদের হার, মোটা পারিশ্রমিক ও অতিরিক্ত মূল্য দিতে হতে পারে। নিজের টাকা সুরক্ষিত রাখার প্রথম ধাপই হল প্রচলিত ব্যাঙ্কিং ব্যবস্থার অংশ হওয়া।**

***একটি ব্যাঙ্ক অ্যাকাউন্ট থাকার সুবিধা কি?***


*আমরা যখন কেনাকাটা করতে যাই, তখন স্রেফ ATM থেকে টাকা তুলি আর ক্যাশ দিয়ে জিনিষ কিনি।*

***আপনার ব্যাঙ্ক অ্যাকাউন্ট থাকার জন্য কি কোনও প্রেরণা কাজ করে?***

*আমরা সবসময় আমেরিকাকে বুঝতে পারি বলে মনে করি। অথচ তার পদ্ধতিগুলিকে এখনও বুঝে উঠতে পারি না।*

***ব্যাঙ্ক অ্যাকাউন্ট থাকার অসুবিধা কি বলে মনে হয়?***

*সুদ। সেভিংস অ্যাকাউন্টের জন্য সুদ দেওয়া বা সুদ অর্জন করা।*



| প্রকার | বিবরণ |
|---|---|
| ব্যাঙ্কড | যে ব্যক্তিরা ব্যাঙ্কিং ও ক্রেডিটের জন্য উপলব্ধ সমস্ত আর্থিক পরিষেবা ব্যবহারের মাধ্যমে ব্যাঙ্কিং ব্যবস্থাকে সম্পূর্ণরূপে গ্রহণ করেছেন। |
| আনব্যাঙ্কড | যে ব্যক্তিরা কোন আর্থিক পরিষেবা ব্যবহার করেন না বা উপলব্ধতা তৈরি করেন না এবং নিজেদের টাকার ব্যবস্থা করতে ও ঋণ নিতে বিকল্প ও অপ্রাতিষ্ঠানিক আর্থিক ব্যবস্থার উপর নির্ভরশীল থাকেন। |
| আন্ডারব্যাঙ্কড | যে ব্যক্তিরা ব্যাঙ্ক অ্যাকাউন্ট থাকা সত্ত্বেও, ক্রেডিট পাওয়ার জন্য ব্যাঙ্কিং ব্যবস্থার বাইরের আর্থিক পরিষেবা যেমন পে-ডে লোন ও চেক ক্যাশিং পরিষেবা ইত্যাদি ব্যবহার করেন। |

*হ্যাঁ, এখানকার ব্যাঙ্কিং ব্যবস্থা মেক্সিকোর থেকে অনেক বেশী জটিল। কিন্তু আমি নিজেই যেহেতু এখানে এসেছি, তাই আমাকেই এগুলি শিখে নিতে হবে, এই ব্যবস্থা সফলভাবে জানতে হবে। আমার নিজের জন্যই তা করতে হবে।*

*লুসিলা – স্ট্যাটেন আইল্যান্ড*



## অনলাইন ব্যাঙ্কিং কি?

অনলাইন ব্যাঙ্কিং বলতে বোঝায় আপনার ব্যাঙ্ক বা ক্রেডিট ইউনিয়নের অ্যাকাউন্ট একটি কম্পিউটার বা মোবাইল যন্ত্রের মাধ্যমে নিয়ন্ত্রণ করা, এর মধ্যে আপনার অ্যাকাউন্টগুলির মধ্যে বা নিজের অ্যাকাউন্ট থেকে অন্যের অ্যাকাউন্টে টাকা পাঠানো, চেক জমা দেওয়া ও ইলেকট্রনিক প্রণালীতে বিল মেটানো ইত্যাদি অন্তর্ভুক্ত থাকে।

মানুষের প্রযুক্তি বা অর্থনীতির ধারণা ও জ্ঞান নির্বিশেষে অনলাইন ব্যাঙ্কিং ব্যবহার করা আগের থেকে অনেক বেশী সহজ ও সুবিধাজনক হয়ে উঠেছে। উদাহরণস্বরূপ, জেলের মত টুলের সাহায্যে অনলাইনে অর্থ লেনদেন করা এখন অনেক সহজ, এর মাধ্যমে কয়েক মিনিটের মধ্যে ও অতিরিক্ত মূল্য ছাড়াই (অনুগ্রহ করে আপনার আর্থিক সংস্থার মূল্য দর জানুন) প্রায় যেকোন ব্যাঙ্ক ও ক্রেডিট ইউনিয়ন অ্যাকাউন্টের মধ্যে সরাসরি টাকা পাঠানো যায়। আপনার ব্যাঙ্ক বা ক্রেডিট ইউনিয়ন যদি এই টুল ব্যবহার করতে দেয় তাহলে আপনার ব্যাঙ্কিং অ্যাপে "ট্রান্সফার" লেবেলের সাথে এটিকে পেয়ে যাবেন, একটি ইমেল অ্যাড্রেস অথবা মোবাইল ফোন নম্বরের সাথেই এই টুলে নথিভুক্ত হওয়া ও ব্যবহার করা যাবে।

তেমনভাবেই, মোবাইল-ওনলি ব্যাঙ্কগুলিও চিরাচরিত ব্যাঙ্ক ক্রেডিট ইউনিয়নের পাশাপাশি ব্যাঙ্কিং-এর তৃতীয় বিকল্পে পরিণত হয়েছে। মোবাইল-ওনলি ব্যাঙ্কগুলির সুবিধা হল চিরাচরিত আর্থিক প্রতিষ্ঠানগুলির তুলনায় এখানে পরিষেবা মূল্য অনেক কম হয় এবং সুদের হারও বেশী পাওয়া যায়, যেমন, এদের মধ্যে কয়েকটি ওভারড্রাফট বা পরিষেবা মূল্য ধার্যই করে না। তবে, এগুলির অসুবিধা হল এদের কোন শাখা থাকে না এবং নগদ অর্থ জমা দেওয়া যায় না, অভিবাসীরা সাধারণত একজন ব্যাঙ্কারের সাথে কথা বলে ব্যাঙ্কিং-এর অভিজ্ঞতা লাভ করেন, আর মোবাইল-ওনলি ব্যাঙ্কের ক্ষেত্রে

ব্যাঙ্ক কর্মীদের সাথে সামনাসামনি পরিচিত হওয়ার কোন সুযোগ থাকে না।

আপনার অর্থ নিয়ন্ত্রণ করা, অনুমোদনহীন লেনদেন সম্পর্কে সচেতন থাকা ও সামগ্রিকভাবে টাকা কেটে নেওয়ার সাম্প্রতিকতম তথ্যও জানতে পারছেন তা সুনিশ্চিত করার একটি দারুণ উপায় হল অনলাইন ব্যাঙ্কিং। অনলাইন ব্যাঙ্কিং সম্পর্কে বোঝা বা ব্যবহার করার জন্য আপনার যদি সহায়তার প্রয়োজন হয়, আপনার ব্যাঙ্ক বা ক্রেডিট ইউনিয়নের স্থানীয় শাখায় গিয়ে সাহায্য চাইতে পারেন। অনলাইন ব্যাঙ্কিং শুরু করার বিষয়ে তারা সাধারণত দিকনির্দেশ দিয়ে দেন।

## ইলেকট্রনিক ওয়ালেট কি?

ইলেকট্রনিক ওয়ালেট বা ডিজিটাল ওয়ালেট হল আর্থিক লেনদেনের অ্যাপ্লিকেশন যা মোবাইলে কাজ করে এবং এর সাহায্যে আপনি টাকা যোগ করেন, সেই টাকা অন্যকে পাঠানো টাকা পাঠানোর তথ্য ও পাসওয়ার্ডের হিসাব রাখতে পারেন। কেনাকাটা করার সময় এই অ্যাপ্লিকেশনের মাধ্যমে আপনি মোবাইল থেকে দাম মেটাতে পারেন। আপনার ইলেকট্রনিক ওয়ালেটে নিজের সমস্ত আর্থিক তথ্য রেখে দিতে পারেন। কিছু অ্যাপ্লিকেশনে আপনার আইডেন্টিফিকেশন কার্ড, ড্রাইভার্স লাইসেন্স, মেম্বারশিপ কার্ড, কুপন ও ফ্লাইট টিকিটও সংরক্ষণ করে রাখা যাবে।

অ্যাপলপে ও স্যামসাং পে-এর মত ইলেকট্রনিক ওয়ালেট অথবা ব্যাঙ্ক বা ক্রেডিট ইউনিয়ন পেমেন্ট মোবাইল অ্যাপ্লিকেশন যেমন জেলে মোবাইলের মধ্যেই থাকে।অন্যান্য অ্যাপ্লিকেশনগুলি আপনার মোবাইল ডিভাইস অ্যাপ্লিকেশন স্টোর থেকে ডাউনলোড করা যায়। অনেক ইলেকট্রনিক ওয়ালেট ট্যাবলেটেও ব্যবহার করা যায়।

ইলেকট্রনিক ওয়ালেট ব্যবহারের সুবিধাগুলি হল- এগুলি ব্যবহার করে আপনার সাথে রেখে দেওয়া আর্থিক ও ব্যক্তিগত তথ্য সীমিত রাখা যায়। বর্তমানে, নিউ ইয়র্ক সিটিতে ইলেকট্রনিক ওয়ালেট ব্যবহার করে আপনি সাবওয়ে টিকিটও কিনতে পারবেন। ইলেকট্রনিক ওয়ালেট ব্যবহারের অসুবিধাগুলির মধ্যে থাকে- যদি আপনি এমন প্রদাতার ডিজিটাল ওয়ালেট ব্যবহার করেন যারা পরিচিত বা পরীক্ষিত নয়, তাহলে নিরাপত্তাজনিত সমস্যা দেখা দিতে পারে, অথবা আপনার ফোন যদি পাসওয়ার্ড থাকা সুরক্ষিত না থাকে তাহলে ফোন হারিয়ে গেলে অন্য কেউ আপনার ওয়ালেট ব্যবহার করতে পারেন।

কয়েকটি বিখ্যাত ডিজিটাল ওয়ালেট ও পেমেন্ট প্রোভাইডার হল:

- Amazon Pay
- ApplePay
- CashApp
- Facebook Pay
- Samsung Pay
- PayPal
- Venmo
- Walmart Pay
- Zelle

আপনার ইলেকট্রনিক ওয়ালেট থাকতেই হবে এমনটা জরুরী নয়। তবে, আপনার কেনাকাটা করার সময় দাম দেওয়ার জন্য ও উপলব্ধ অনলাইন আর্থিক পরিষেবা ব্যবহার করার ক্ষেত্রে এগুলি সুবিধাজনক হতে পারে।

## আমি নিজের টাকা কীভাবে সুরক্ষিত রাখব?

1. **ব্যাঙ্ক ও ক্রেডিট ইউনিয়নের মত আর্থিক সংস্থাগুলিকে বিশ্বাস করুন:** একটি ব্যাঙ্ক/ক্রেডিট ইউনিয়ন অ্যাকাউন্ট থাকার সবথেকে গুরুত্বপূর্ণ কারণ হল **নিজের টাকাকে সুরক্ষিত রাখা।** সমস্ত পরিষেবা মূল্য সম্পর্কে আগে থেকে জেনে নিতে ভুলবেন না।

2. বহু ক্রেডিট ইউনিয়ন সামাজিক ন্যায় দ্বারা চালিত লক্ষ্য বজায় রাখে এবং অলাভজনক প্রতিষ্ঠান হিসাবে NYC এলাকায় অর্থনৈতিক ন্যায়, আর্থিক অন্তর্ভুক্তি এবং নিম্নবিত্ত শ্রেণী ও অসহায় অভিবাসীদের জন্য কাজ করে।

3. **একজন অভিবাসী হিসাবে, আপনার টাকার হিসাব রাখা বিশেষভাবে দরকারি। ট্যাক্স ফাইল করা** ও ইউনাইটেড স্টেটসে নিজের **উপস্থিতি তৈরি করার** জন্য এটি গুরুত্বপূর্ণ কারণ ভবিষ্যতে অভিবাসন ব্যবস্থার ক্ষেত্রে তা কাজে লাগবে।

4. **অত্যধিক মূল্য দেওয়া ও অন্যায়ের শিকার হওয়া আটকানোর জন্য।** ব্যাঙ্কে যাওয়া বেশ ভয়ের ব্যাপার মনে হতে পারে। অনেকে মনে করেন যে ব্যাঙ্ককে নিজের তথ্য জানিয়ে দিলে বিতাড়িত হওয়ার সম্ভাবনা থাকে। এইজন্য, অনেকে চেক ক্যাশার ব্যবহার করেন, যেখানে পরিষেবা মূল্য হিসাবে অনেক বেশী টাকা দিতে হয়। একটি ব্যাঙ্ক বা ক্রেডিট ইউনিয়নে গিয়ে ভালোভাবে যাচাই করে এমন অ্যাকাউন্ট নেওয়ার দাবী জানান যেখান থেকে তাদের ATM ব্যবহার করে নিজের টাকা পেতে পারবেন।

5. **চুরির হাত থেকে সুরক্ষিত থাকুন।** নিজের পকেটে মোটা অঙ্কের টাকা রেখে দেওয়া বিপজ্জনক হতে পারে। অভিবাসীরা সহজেই অপরাধের শিকার হন কারণ **তাদের কাছে প্রচুর নগদ অর্থ থাকে বলে ধরে নেওয়া হয়** (আপনি নিজেই "মোবাইল ATM"-এ পরিণত হন)। ব্যাঙ্ক বা ক্রেডিট অ্যাকাউন্ট থাকলে, আপনি নিজের টাকা সেখানে জমা রাখতে পারবেন, প্রয়োজন অনুযায়ী যেকোন সময় তা বের করে নিতে পারবেন আর সাথে খুব বেশী নগদ অর্থ রেখে দেওয়ার দরকার হবে না।

6. **অনলাইন ব্যাঙ্কিং ও ইলেকট্রনিক ওয়ালেট ব্যবহার করে নিজেকে নিরাপদ রাখুন।** নিজের স্মার্টফোনে সবসময় একটি নিরাপত্তা পাসওয়ার্ড দিয়ে রাখুন এবং সবসময় অনলাইন ব্যাঙ্কিং সেশন থেকে লগ আউট করুন। উপরন্তু, মনে রাখবেন যে পাবলিক ওয়াই-ফাই সংযোগগুলি সাধারণত সুরক্ষিত থাকে না, নিজের ব্যাঙ্ক বা ক্রেডিট অ্যাকাউন্ট নিয়ে কাজ করার জন্য শুধুমাত্র সুরক্ষিত ওয়াই-ফাই সংযোগই ব্যবহার করুন।

ক্রেডিট কার্ড ব্যবহার করার সময়, আপনি যদি পুরো টাকাটা না দেন তাহলে আপনাকে সুদ দিতে হয়। অথবা আপনি যদি টাকা না মেটান তাহলে আপনার ক্রেডিট খারাপ হয়ে যাবে, যেটা মোটেও ভালো ব্যাপার নয়। আমার স্বামী কুড়ি থেকে পঁচিশ বছরের মত আমেরিকায় আছেন, তাকে প্রায়ই জর্ডন যেতে হয়, তাই ক্রেডিট কার্ডের বিল মেটাতে ভুলে যান। তিনি যখন দেশের বাইরে ছিলেন, তখন টাকা মিটিয়ে দিতে না পারার জন্য তাকে খারাপ ক্রেডিট দেওয়া হয়। এখন তিনি নগদেই জিনিষপত্র কেনেন। গাড়ি কেনার হলে তিনি লোন নিয়ে কেনেন, যাতে তার ক্রেডিট ভালো হয়। কিন্তু এখন কার লোন পাওয়ার জন্যেও তার ক্রেডিট খুব ভালো নয়।

বাহার – ব্রুকলিন



# 2. অর্থনৈতিক লক্ষ্য

## অর্থনৈতিক লক্ষ্য কি?

অর্থনৈতিক লক্ষ্য হল টাকা সংক্রান্ত লক্ষ্য যা একজন ব্যক্তি ভবিষ্যতে অর্জন করতে চাইবেন। উদাহরণস্বরূপ:

- বেড়াতে যাওয়া
- গাড়ি কেনা
- নিজের দেশে একটি বাড়ি বানানো
- নিজের ব্যবসা শুরু করা
- নিজের ক্রেডিট ভালো করার জন্য লোন নেওয়া

*পাঁচ বছরের মধ্যে আমি নিজের ব্যবসা খুলতে চাই। একটি ছোট প্রোজেক্ট আর আমিও একটা ইনভেস্টমেন্ট প্রোজেক্টের কথাই ভাবছি। তবে ব্যবসা যদি শুরু করি, আর সেটা যদি খুব ছোটও হয়, তাহলেও যথেষ্ট বিনিয়োগ আর পরিশ্রম তাকে সফল বানাবে, আস্তে আস্তে বড় করে তুলবে। তবে শুরু করাটাই হল সবথেকে কঠিন ব্যাপার।*

*ফাইরুজা – ব্রুকলিন*

## আমি কীভাবে একটি অর্থনৈতিক লক্ষ্য অর্জন করব?

অর্থনৈতিক লক্ষ্য অর্জনের একাধিক উপায় থাকে, একটি ভালো উপায় হল প্রথমে নিজের বাজেট বানিয়ে নেওয়া ও SMART লক্ষ্য ব্যবস্থা ব্যবহার করা। SMART লক্ষ্য হল যা সুনির্দিষ্ট (Specific), যা পরিমাপ করা যায় (Measurable), অর্জন করা যায় (Achievable), বাস্তবসম্মত (Realistic), ও সময়নির্ভর (Time-based)।

SMART লক্ষ্য অল্প সময়ের (যা এক বছরের মধ্যে অর্জন করা যাবে), মাঝারী সময়ের (যা এক থেকে পাঁচ বছরের মধ্যে অর্জন করা যাবে) ও দীর্ঘ সময়ের (যা পাঁচ বছর বা তার বেশী সময়ে অর্জন করা যায়) জন্য স্থির করা যায়।

আপনি চাইলে একইসাথে তিনটি SMART লক্ষ্য নিয়ে কাজ করতে পারেন যেগুলির গুরুত্ব ও আশু প্রয়োজনীয়তা আলাদা আলাদা হবে। উদাহরণস্বরূপ – আপনার অল্প সময়ের লক্ষ্য হতে পারে নিজের প্রথম ব্যাঙ্ক বা ক্রেডিট ইউনিয়ন অ্যাকাউন্ট খোলা; মাঝারী সময়ের লক্ষ্য হতে পারে প্রথম ক্রেডিট কার্ডের সাথে নিজের ক্রেডিট উন্নত করা ও দীর্ঘ সময়ের লক্ষ্য হতে পারে একটি কলেজ সেভিং অ্যাকাউন্ট খোলার মাধ্যমে আপনার সন্তানদের ভবিষ্যতের জন্য বিনিয়োগ করা।



অর্থনৈতিক লক্ষ্যে স্থির থাকার সেরা উপদেশ হল আপনার চাহিদার উপর ভিত্তি করে সেগুলিকে স্থির করা, বাস্তবসম্মত থাকা ও প্রয়োজন অনুযায়ী পরিবর্তনশীল হলেও নিজের লক্ষ্যে অবিচল থাকা। আপনি ছোট অর্থনৈতিক লক্ষ্যের সাথে শুরু করতে পারেন এবং সময়ের সাথে সাথে আরও কঠিন লক্ষ্য স্থির করতে পারেন যেমন একটি ব্যবসা শুরু করা বা একটি বাড়ি কেনা।

# একটি SMART লক্ষ্যের উদাহরণ

SMART পদ্ধতিতে কাজ করলে SMART অর্থনৈতিক লক্ষ্য সহজেই অর্জন করা যাবে। এমন লক্ষ্য স্থির করুন যা সুনির্দিষ্ট, পরিমাপযোগ্য, অর্জনসাধ্য, বাস্তবসম্মত ও সময়নির্ভর হবে।

| SMART এর পুরো কথাটি কি | এর মানে কি? | প্রয়োগ করার উদাহরণ |
|---|---|---|
| **Specific (সুনির্দিস্ট)** | লক্ষ্যটি সুনির্ধারিত হবে।<br>**নিজের কাছে জানতে চান: আমি কী অর্জন করতে চাই?** | আমি আপদকালীন সঞ্চয় হিসাবে $1,200 জমাচ্ছি। |
| **Measurable (পরিমাপযোগ্য)** | লক্ষ্যটি অর্জন করা সম্ভব কিনা জানুন।<br>**নিজের কাছে জানতে চান: আমি কীভাবে নিজের অর্জনের মাত্রা স্থির করব? এর ফলাফল কি হবে?** | তিনমাস জমানোর পরে আমার কাছে $300 থাকবে। |
| **Achievable (অর্জনসাধ্য)** | লক্ষ্যটি অর্জন করা যাবে।<br>**নিজের কাছে জানতে চান: আমি কীভাবে তা করব?** | মাসে $100 জমানোর জন্য আমায় সপ্তাহে $25 করে সরিয়ে রাখতে হবে |
| **Realistic (বাস্তবসম্মত)** | লক্ষ্যটির জন্য পুঁজি, জ্ঞান ও সময় উপলব্ধ আছে।<br>**নিজের কাছে জানতে চান: আমি কি তা করতে পারব?** | আমার যা আয় তাতে সপ্তাহে $25 জমানো যাবে। |
| **Time-based (সময়নির্ভর)** | লক্ষ্যটি অর্জন করার জন্য যথেষ্ট সময় আছে। লক্ষ্যে পৌঁছানোর জন্য একটি দিন স্থির করে রাখুন।<br>**নিজের কাছে জানতে চান: আমায় কোন সময়ের মধ্যে এটি অর্জন করতে হবে?** | এক বছরে আমি আপদকালীন সঞ্চয় $1,200 জমিয়ে ফেলতে পারব। |

“ *আমি চাই আমার সন্তানেরা স্কুলে যাক আর স্নাতক হোক।*

*সোফিয়া – স্ট্যাটেন আইল্যান্ড* ”

# 3. বাজেট তৈরি করা

## বাজেট কি?

বাজেটিং হল একটি প্রণালী যা আপনার টাকা সামলানোর পরিকল্পনা তৈরিতে সহায়তা করবে। খরচ নিয়ন্ত্রণ করার জন্য বাজেট কাজে লাগে, যার মাধ্যমে আপনি নিজের আয় ও ব্যয় চিহ্নিত করতে পারেন এবং আপনার প্রয়োজনের বা চাহিদার সামগ্রী কেনার জন্য বা কাজ করার জন্য আপনার কাছে টাকা আছে কিনা তা আগে থেকেই বুঝে যেতে পারেন।

## বাজেট তৈরি করার আগে আমায় কি কি জানতে হবে?

আপনার বয়স, কাজের প্রকার, ব্যক্তিগত পরিস্থিতি, ও অন্যান্য বহু বিষয়ের উপর নির্ভর করে, আপনার চাহিদা ও প্রয়োজন অন্যদের থেকে আলাদা হবে। প্রত্যেকেরই আলাদা আলাদা চাহিদা ও প্রয়োজন থাকে।

### চাহিদা ও প্রয়োজনের মধ্যে পার্থক্য

| প্রয়োজন | চাহিদা |
|---|---|
| যে সামগ্রী ছাড়া আপনার চলবে না। | সেইসব সামগ্রী যা আপনি চান, তবে সেগুলি অপরিহার্য নয়। |

*“আমি চাহিদা আর প্রয়োজনের মধ্যে একেবারেই তফাৎ করতে পারি না, তবে আমার মেয়েরা আমায় সাহায্য করে। তারা এখন কাজ করে আর বাজেট তৈরি করে চলে, তাই তারা বুঝতে পারে কীভাবে টাকা খরচ হয়ে যায়। কোনটা অত্যাবশ্যক তা বোঝার জন্য পরিবারের অন্য সদস্যদের সাথে কথা বলাটা জরুরী।”*

*সুজানা – স্ট্যাটেন আইল্যান্ড*

## চাহিদা আর প্রয়োজনের মধ্যে পার্থক্য করা দরকার কেন?

- বেঁচে থাকার জন্য আপনার প্রয়োজন অবশ্যই পূরণ করতে হবে।
- চাহিদা আর প্রয়োজন সবসময় একসাথে পূরণ করা যায় না, তাই আপনাকে বুঝতে হবে কোনটা আগে দরকার।
- অর্থ আর সংস্থান উভয়ই সীমিত, তাই আপনাকে সঠিক সিদ্ধান্ত নিতে হবে।

## আয় আর ব্যয়ের মধ্যে পার্থক্য বোঝা।

- **আয় হল যে টাকা আমরা রোজগার করি।**

এই টাকা মাইনে, পণ্য বিক্রির দাম, বিনিয়োগ থেকে করা লাভ, ফেরত পাওয়া ঋণের টাকা ইত্যাদি থেকে অর্জন করা যায়।

- **ব্যয় হল অন্যকে দেওয়া মূল্য, যে টাকা আমরা খরচ করি।**

উদাহরণস্বরূপ, যে টাকা খরচ হয়: কেনাকাটা, বিল মেটানো, রেমিটেন্স পাঠানো, ঋণ শোধ করা ইত্যাদিতে।

**ব্যয় বিভিন্ন প্রকারের হয়:**

- স্থায়ী ব্যয় হল যেগুলি প্রতি মাসে পরিবর্তিত হয় না। যেমন: ভাড়া, মুদিখানার সামগ্রীর দাম, রেমিটেন্স, বিল, লোনের নির্দিষ্ট পেমেন্ট, বিমা।
- অস্থায়ী ব্যয় হল যা সময়ের সাথে সাথে বদলাতে থাকে অথবা পরিবর্তনশীল হয়। উদাহরণস্বরূপ: বিনোদন, মরসুম অনুযায়ী পোশাক, উপহার, চিকিৎসার খরচ ও অন্যান্য পরিষেবা।.

**নিজের আয় ও ব্যয় কীভাবে চিহ্নিত করবেন তা জানা খুব জরুরী।**
তা করার জন্য, আপনার খরচ করা ও রোজগার করা সব টাকার হিসাব আপনাকে রাখতে হবে (সেই টাকা যত কমই হোক না কেন)। আপনি একটি খাতায় সেগুলি লিখে রাখতে পারেন অথবা সব রসিদ জমিয়ে রাখতে পারেন।

## বাজেট বানানোর সুবিধা কি?

**বাজেটের সাহায্যে আপনি:**

- **ভবিষ্যতের পরিকল্পনা** বানাতে পারবেন এবং আপনার কত টাকা থাকবে, কত টাকা জমাতে পারবেন বা প্রয়োজনীয়তার জন্য খরচ করতে কত টাকা লাগবে তার **পূর্বাভাস** পেয়ে যাবেন।
- খরচ ও দেনার কারণে হওয়া দুশ্চিন্তা কমাতে পারবেন।
- আপনার আর্থিক পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে পারবেন ও সময়ে বিল ও দেনা শোধ করতে পারবেন।
- Eসবার আগে কি কি প্রয়োজন তা স্থির করতে পারবেন এবং শখ ভবিষ্যতে মেটানোর জন্য তুলে রাখতে ও না বলতে শিখবেন।
- আপদকালীন অবস্থা, বড় খরচ বা অবসর জীবনের জন্য সঞ্চয় করতে পারবেন।
- রেমিটেন্সের পরিকল্পনা ও ব্যবস্থা করতে পারবেন।
- সম্পত্তি তৈরি করতে পারবেন।

## আমি কীভাবে বাজেট বানাব?

- সপ্তাহে কত টাকা খরচ করেন লিখুন (ব্যয়)
- সপ্তাহে কত টাকা রোজগার করেন তাও লিখুন (আয়)
- তারপর আপনার আয় থেকে ব্যয়কে বিয়োগ করে দেখুন কোনও টাকা সঞ্চয় হচ্ছে নাকি অতিরিক্ত টাকা নষ্ট হয়ে যাচ্ছে।
- আপনার সবথেকে বড় ও ঘন ঘন হওয়া ব্যয় চিহ্নিত করুন এবং এগুলি প্রয়োজন নাকি চাহিদা তা স্থির করুন।
- প্রতি সপ্তাহে বা মাসে আপনার আয় ও ব্যয়ের মধ্যে সামঞ্জস্য আনার জন্য একটি পরিকল্পনা বানান যাতে টাকার অভাব দেখা না দেয় আর বাড়তি টাকা জমানো যায়।

## বাজেটের মধ্যে কি রেমিটেন্সকেও ধরব?

রেমিটেন্স বলতে সাধারণত সেই টাকা বা মালপত্রকে বোঝায় যা অভিবাসীরা তাদের পুরানো দেশে থেকে যাওয়া পরিবার ও বন্ধুবান্ধবদের পাঠান, এই ব্যয়কেও বাজেটের মধ্যে অন্তর্ভুক্ত করা উচিৎ।

**রেমিটেন্সকে স্থায়ী ব্যয় ধরা হবে নাকি অস্থায়ী ধরা হবে** তা নির্ভর করবে আপনার আয়, প্রয়োজনীয়তা এবং আপনার উপর নির্ভরশীল মানুষদের প্রয়োজনীয়তার উপর। তবে, বাজেটের মধ্যে রেমিটেন্সকে ঢোকালে এটা বুঝতে পারবেন যে মাসে কত টাকা এই খাতে বরাদ্দ করতে হবে এবং খুব বেশী মূল্য নেবে না এমন পরিষেবা প্রদাতাকে বেছে নিলে আপনার কত টাকা বাঁচবে।

রেমিটেন্স বা মানি ট্রান্সফার পরিষেবা প্রদাতাকে ব্যবহার করার আগে কোন কোন বিষয় বিবেচনা করতে হবে?

◆ সবথেকে সুবিধাজনক পেমেন্ট পদ্ধতি (চেক, মানি অর্ডার, ইলেকট্রনিক ওয়্যার, প্রিপেড কার্ড, ডেবিট কার্ড)

◆ পাঠানো অর্থমূল্য

◆ পরিষেবা মূল্য

◆ স্থানীয় মুদ্রায় রূপান্তরিত অর্থের বিনিময় হারের উপর কমিশন

◆ সময় নির্বাচন

◆ যে আর্থিক সংস্থায় টাকা পাঠাচ্ছেন তাদের নাম ও ঠিকানা

◆ প্রেরকের নাম, ঠিকানা, অ্যাকাউন্ট নম্বর

◆ প্রাপকের নাম, ঠিকানা, অ্যাকাউন্ট নম্বর

◆ লেনদেন সম্পূর্ণ হওয়ার প্রত্যাশিত সময়কাল

বেশী কমিশন ও কম বিনিময় হারে রেমিটেন্স পাঠাতে হবে যদি আপনি আগে থেকে পরিকল্পনা বানিয়ে না রাখেন। এইজন্য যাকে রেমিটেন্স পাঠানো হচ্ছে তার সাথে আলোচনা করতে হবে, সেরা পদ্ধতি, অর্থমুল্য ও সময়ের পরিকল্পনা ও মূল্যায়ন করতে হবে। মনে রাখবেন, এই টাকাটা আপনার, তাই টাকা পাঠানোর শর্তাবলী ও হার আপনি নিজেই স্থির করবেন।

## বাজেটকে কীভাবে ফলপ্রদ করা যাবে?

কার্যকরী বাজেট আপনার অর্থনৈতিক লক্ষ্য অর্জনের এক কার্যকরী হাতিয়ার হিসাবে কাজ করে আর এই প্রক্রিয়া আপনাকে নিজের অর্থনৈতিক অভ্যাসগুলি জানতে সাহায্য করে: এটি সহজ-সরল হবে, আপনার আর্থিক অবস্থা অনুযায়ী হবে এবং সবথেকে বেশী যেটা দরকার, বাস্তবসম্মত ও পরিবর্তনযোগ্য হবে।

**কার্যকরী বাজেটের মধ্যে নিম্নলিখিত বিষয়গুলি থাকে:**

◆ **বাজেট বানানোর পদ্ধতি।** একটি কার্যকরী বাজেট পদ্ধতি হল 50\30\20 নিয়ম যেখানে প্রতি মাসে জীবনযাপনের জন্য কত খরচ করতে হবে আর কত টাকা সঞ্চয় করতে হবে তা বলা থাকে। For example:

- আপনার আয়ের 50% প্রয়োজনের জন্য খরচ করতে হবে (ভাড়া, খাওয়াদাওয়ার খরচ, যাতায়াত খরচ, স্বাস্থ্য, বিভিন্ন পরিষেবা ব্যবহারের খরচ)।
- আপনার আয়ের 30% চাহিদার জন্য খরচ করতে হবে (বিনোদন, বেড়ানো, শখ, স্ট্রিমিং সার্ভিস)।
- আপনার আয়ের 20% সঞ্চয় করতে হবে (আপদকালীন সঞ্চয়, ঋণ পরিশোধ, অর্থনৈতিক লক্ষ্য, অবসর পরিকল্পনা)।

◆ **ঋণ পরিশোধ পরিকল্পনা।** কেনাকাটা করার আগে অথবা লোনের আবেদন জানানোর আগে, একটি পেমেন্ট পরিকল্পনা বানান, যার মধ্যে অর্থমূল্য ও পরিশোধের হার এবং মোট টাকা পরিশোধ করতে কত সময় লাগবে এই সবকিছু অন্তর্ভুক্ত থাকবে। এই পরিকল্পনার সাহায্যে আপনি আর্থিক প্রতিষ্ঠানগুলির কাছে একজন ভালো ঋণগ্রহীতা হিসাবে পরিচিত থাকতে পারবেন।

◆ **একটি সঞ্চয় পরিকল্পনা।** বাজেট ব্যবহার করে, আপনি অর্থনৈতিক ভবিষ্যতের পরিকল্পনা বানাতে পারবেন, টাকা জমাতে ও নিজের সম্পত্তি বাড়াতে পারবেন। যত তাড়াতাড়ি সঞ্চয় করা শুরু করবেন, ততই ভালো। সঞ্চয় শুরু করার সবথেকে ভালো উপায় হল আপদকালীন পরিস্থিতির জন্য টাকা জমানো।

◆ **SMART অর্থনৈতিক লক্ষ্য।** একটি কার্যকরি বাজেট আপনার SMART অর্থনৈতিক লক্ষ্যের সাথেই সংযুক্ত থাকে আর এই বাজেট মেনে চললে আপনার লক্ষ্যে অনেক দ্রুত পৌঁছাতে পারবেন।

## একটি বাজেটের উদাহরণ

নীচের টেবিলে আপনি নিজের আয় ও ব্যয় লিখে রাখতে পারেন। একটি মাসিক বা সাপ্তাহিক বাজেট করুন। কোনটি অনুসরণ করবেন তা নির্ভর করবে আপনি কত ঘন ঘন টাকা পান বা কত ঘন ঘন খরচ করেন তার উপর।




| আয়: আপনার রোজগার | | ব্যয়: আপনার খরচ | |
|---|---|---|---|
| **সামগ্রী** | **অর্থমূল্য** | **সামগ্রী** | **অর্থমূল্য** |
| | $ | | $ |
| | $ | | $ |
| | $ | | $ |
| | $ | | $ |
| | $ | | $ |
| | $ | | $ |
| **মোট আয় গণনা করুন** | $ | **মোট ব্যয় গণনা করুন** | $ |

| মোট আয় | মোট ব্যয় | পার্থক্য |
|---|---|---|
| $ | $ | $ |

# 4. সঞ্চয় ও তার বাধাগুলি

*আমি খুব অল্প টাকাই রোজগার করি তবে যথেষ্ট সঞ্চয় করছি। আমার দুটি নাতি-নাতনি আছে। একজনের বয়স সাত, অন্যজনের এগারো। আমি ওদের জন্য এই টাকা রেখে দিতে চাই, তাহলে যখন আমার $100 আর $200 জমে যাবে, আমি গুয়াংঝাউতে আমার নাতি-নাতনিদের এই টাকা পাঠিয়ে দেব, কারণ আমার ছেলে চীনেই আছে। আমি ওদের $100 নয়তো $200 পাঠাবো, ওদের যখনই টাকা পাঠাই ওরা খুব খুশি হয়। ওরা বলে "ওমা, দিদা আমাদের জন্য টাকা পাঠিয়েছে"।*

*জুন – ম্যানহাটন*

*এখানে সবকিছুই পয়সা দিয়ে কিনতে হয়। বড্ড খরচ এখানে।*

*আমাদের দেশেও সবকিছুর খুব দাম। তবে এখানে শান্তি আর নিরাপত্তা আছে ফলে মানসিক সুস্থতা থাকে। মানসিকভাবে ভালো থাকলে জীবন সহজ-সরল হয়ে যায়।*

*নেইভা - ব্রুকলিন*

*আমার স্বামী কাজ করেন আর প্রতি সপ্তাহে আমায় টাকা পাঠান। আমিও কাজ করি। তবে সব টাকা আমিই সামলে রাখি আর ভাড়া দেওয়া, বিল মেটানোর পরে অল্প কিছু টাকা আমি জমিয়ে রাখি। অনেক সময় আমি মেক্সিকোতেও টাকা পাঠাই তবে শুধুমাত্র জরুরী ক্ষেত্রেই। আমার পরিবার ইতিমধ্যে বুঝে গেছে। যেমনটা সবাই মনে করে, "সবুজ নোট" কামানো তত সোজা নয়।*

*ফেডেরিকা – স্ট্যাটেন আইল্যান্ড*

# সঞ্চয়ের গুরুত্ব

অনেকে “সঞ্চয়” শব্দটা শুনলে, ভাবেন ব্যাঙ্ক অ্যাকাউন্টে, কার্পেটের তলায় অথবা কোন সুরক্ষিত বাক্সের মধ্যে প্রচুর টাকা জমানো আছে। মানুষ মনে করেন তাদের ক্ষেত্রে টাকা সঞ্চয় করা প্রাসঙ্গিক নয় বা সম্ভব নয়। ব্যক্তিগত অর্থনীতি, বিশেষ করে “সঞ্চয়” সম্পর্কে অনেকের মানসিক বাধা বা অবচেতন মানসিক প্রতিক্রিয়া দেখা যায়।
তারা বিষয়টিকে স্রেফ এড়িয়ে চলেন।

**সঞ্চয়ের আরও বাস্তব ধারণ হল- আপনার রোজগার করা এমন টাকা যা আপনি খরচ করেন না। যেকোন অর্থমূল্যকেই সঞ্চয় বলা যেতে পারে, এমনকি দিনে $1 জমালেও।**

আপনার মনে হতেই পারে, এটা আর এমন কি অথবা এতে আমার পরিস্থিতি কোনভাবেই বদলাবে না। কিন্তু আপনি যদি এটাকে অভ্যাসে পরিণত করতে পারেন সময়ের সাথে সাথে একটা বড় অর্থমূল্য জমিয়ে ফেলতে পারবেন।

আপনার মনে হতে পারে রোজগারের সব টাকাটাই তো কাজে লেগে যায়, সঞ্চয় কীভাবে করা যাবে, তবে খরচের পদ্ধতিতে ছোট ছোট কিছু বদল আনলে ব্যয় কিছুটা কমানো যাবে, বিশেষ কিছু ত্যাগ না করেই সঞ্চয় করা সম্ভব হবে।

## পদক্ষেপ: আপনার দৈনিক জীবনে সঞ্চয় করার একটি উদাহরণ।

### আমাদের পরিবারের ভালো থাকায় কোন বাধা না দিয়েই আমরা সঞ্চয় করতে পারি।

### *নিজের প্রাত্যহিক জীবনের কথাই ভাবুন।*

উদাহরণস্বরূপ, প্রতিদিন যে কফিটা কেনেন অথবা প্রতিদিন সকালে রাস্তার কোণের স্টল থেকে যে ব্যাগেল কেনেন। এককেকটির জন্য হয়তো $2-3 খরচ হয় অথবা উভয়ই যদি কেনেন, তাহলে সপ্তাহের প্রতিটি দিনে আপনি $4-6 খরচ করছেন।


এইগুলি কিনতে মাসে তাহলে আপনার কত খরচ হচ্ছে? উদাহরণস্বরূপ, আপনি যদি রাস্তার খাবারের স্ট্যান্ড থেকে কফি আর ব্যাগেল কেনেন।

### টাকার পরিমাণটা দেখে অবাক হচ্ছেন?

*যখনই বিল হাতে আসে আমরা আলোচনা করি। এটাই বোধ হয় সব পরিবারের সবথেকে বড় চিন্তার বিষয়।*

*আমার কাছে তো বটেই কারণ আমিই বাজেট বানাই। বাড়িতে এই নিয়ে খুব বেশী কথাও বলি না। আমার সমস্যা হল আমার বাচ্চারা এমন ব্র্যান্ডের জিনিষ চায় যা কেনার সাধ্য আমাদের নেই।*

*অ্যাবেলা – ব্রুকলিন*



# এই দেশের অভিবাসী হিসাবে আমি টাকা সঞ্চয় করব কেন?

*পাঁচ বছর ধরে একটা নির্দিষ্ট পরিমাণ টাকা জমানোর পরে, আমি মেয়েদের আম্মান, জর্ডনে বেড়াতে নিয়ে যেতে পেরেছিলাম। আমার স্বামীর কাছে বেড়াতে নিয়ে যাওয়ার মত যথেষ্ট টাকা ছিল না। কিন্তু টাকা জমিয়ে আমি সেটা সম্ভব করেছিলাম। আমার কাছে যদি ওই জমানো টাকাটা না থাকত তাহলে আমি বেড়ানোর খরচ বা সেখানে গিয়ে কেনাকাটার খরচও দিতে পারতাম না। এইরকম কারণের জন্যই আমি টাকা জমিয়ে রাখি।*

*টালিয়া – ব্রুকলিন*

***টাকা সঞ্চয় করলে আপনি আর্থিকভাবে স্থিতিশীল থাকবেন*** যখন আপদকালীন অবস্থা বা অপ্রত্যাশিত ঘটনা দেখা দেবে, যেমন:

- চাকরী চলে যাওয়া বা শীতকালে যথেষ্ট কাজ না পাওয়া
- পরিবারে নতুন সদস্য আসা
- যেকোন ধরণের অপরিকল্পিত পরিস্থিতি (যেমন, স্টোভ ভেঙে গেল)
- School supplies your children need


ভবিষ্যতের জন্য কোন পরিকল্পনা থাকলেও সঞ্চয় কাজে দেবে, যেমন:

- বাচ্চাদের কলেজে পাঠানো
- নিজের দেশে একটি বাড়ি কেনা বা তৈরি করা
- ব্যবসা শুরু করা
- অবসর জীবনের জন্য টাকা জমানো
- নজিরে দশে ফরিে যাওয়া

***তাড়াতাড়ি সঞ্চয়ের লক্ষ্য তৈরি করে ফেললে*** ভবিষ্যতের জন্য আগে থেকেই পরিকল্পনা বানিয়ে রাখতে পারবেন এবং কোন খারাপ পরিস্থিতিতে অল্প সময়ের মধ্যে চরম সিদ্ধান্ত নেওয়া এড়াতে পারবেন।

উদাহরণস্বরূপ, আপনার একটি লক্ষ্য যদি সন্তানদের কলেজে পাঠানো হয়, কোন সময় থেকে সঞ্চয় করতে হবে বলে মনে করেন?

- বাচ্চাদের জন্মের সময় থেকে যদি টাকা জমাতে শুরু করেন, তাহলে সঠিক সময় এলে তাদের কলেজে পাঠানোর মত সামর্থ্য আপনার তৈরি হয়ে যাবে। এই দেশে কলেজে পড়ানো বেশ ব্যয়সাধ্য ব্যাপার, তবে সন্তানদের অভিবাসন স্থিতি নির্বিশেষে কলেজে ভর্তি হওয়া সম্ভব হবে। টাকা জমিয়ে রাখলে টিউশনের খরচ দিতে খুব সুবিধা হবে।



# আমি কীভাবে টাকা সঞ্চয় করব?

**টাকা সঞ্চয় করার জন্য প্রত্যেকের আলাদা আলাদা উপায় থাকে।** কিছু লোককে নিয়মিত টাকা বাঁচানোর কথা মনে করিয়ে দিতে হয়। আবার অনেকের কাছে এটা অভ্যাসে দাঁড়িয়ে যায় আর তাদের জন্য এটা দাঁত ব্রাশ করার মতই একটা ব্যাপার হয়ে যায়। অনেকে নিজের দেশের ব্যাঙ্ক অ্যাকাউন্টে, এই দেশের বাইরে টাকা পাঠিয়ে দেন। **সবথেকে জরুরী হল অভ্যাস তৈরি করা ও সঞ্চয় করার কথাটা মনে রাখা।**

**নিউ ইয়র্কে টাকা বাঁচানোর কিছু টিপস:**

- আপনার মাইনের কতটা অংশ জমিয়ে রাখবেন তা স্থির করুন।
- সুদের চড়া হার এড়াতে ঋণ নেওয়ার পরিমাণ কমান।
- কোন কোন খরচ বাদ দেওয়া যায়, কোন প্রলভন এড়ানো যায় ও যাতে কেবল প্রয়োজনীয় সামগ্রীই কেনা হয় তা স্থির করার জন্য একটি বাজেট তৈরি করুন। মন ভালো রাখার জন্য কেনাকাটা করবেন না।
- নির্দিষ্ট ব্যয়ের (যেমন বাড়ি ভাড়া) জন্য বরাদ্দ করে রাখা টাকায় হাত দেবেন না।
- ধূমপান, মদ্যপান অথবা লটারির মত অভ্যাস আপনার সঞ্চয়ের ক্ষমতা কমিয়ে দেয়।
- কুপন ব্যবহার করে কেনাকাটার মাধ্যমে খরচ কমান।
- সমস্ত খুচরো করানো টাকা (কয়েন) একটি নির্দিষ্ট জায়গায় রেখে দিন এবং নির্দিষ্ট সময় ছাড়া ছাড়া ব্যাঙ্কে গিয়ে আপনার সঞ্চয়ের সাথে জমা করুন।
- টাকা জমানোর একটি নির্দিষ্ট কারণ বেছে নিন। সঞ্চয় শুরু করার সেরা উপায় হল একটি লক্ষ্য স্থির করা।
- আপনার লক্ষ্যের জন্য টাকা জমতে কত দিন সময় লাগতে পারে চিন্তা করুন:
  - অল্প সময়কালের মধ্যে (এক বছরের কম সময়)। যেমন, একটি সেভিংস অ্যাকাউন্ট খোলা।
  - মাঝারী সময়কালের মধ্যে (1-3 বছর)। যেমন, একটি আপদকালীন সঞ্চয়, বেড়ানো বা গাড়ির ডাউন পেমেন্ট।
  - দীর্ঘ সময়কালের মধ্যে (4+ বছর)। যেমন, অবসর গ্রহণ, সন্তানের পড়াশোনা, বাড়ির ডাউন পেমেন্ট অথবা রিমডেলিং।
  - নিজের ব্যক্তিগত লক্ষ্যের জন্য একটি আর পরিবারের লক্ষ্যের জন্য একটি সঞ্চয় পরিকল্পনা তৈরি করুন। নিজের বাচ্চাদের সঞ্চয় পরিকল্পনা তৈরি করতে বলুন যাতে তারা সঞ্চয় করা শিখতে পারে আর ভবিষ্যৎ ব্যয়ের পরিকল্পনা বানাতে পারে।

> *পরিবারে যখন রোজগার আসে তখন কোন সদস্যেরই অতিরিক্ত খরচ করা উচিৎ নয় যাতে সমস্ত প্রয়োজনীয়তা পূরণ করা যায়। এক্ষেত্রে বাড়ির সকলের সহযোগিতা লাগে। সবাই একে অপরকে সহযোগিতা করছে, অভাবগ্রস্তকে সাহায্য করছে, সচ্ছল মানুষ গরীবকে সহায়তা করছেন, আমি ঠিক এমন একটা ছবি দেখতে চাই। তাহলে সামাজিক শ্রেনীগুলির মধ্যে কোন পার্থক্য থাকবে না অথবা কেউ প্রচণ্ড গরীব বা প্রচণ্ড বড়লোক হবেন না।*
>
> *লালা – ব্রুকলিন*

## আপদকালীন পরিস্থিতির জন্য সঞ্চয়

অর্থনৈতিক লক্ষ্য (বাচ্চাদের পড়াশোনা ইত্যাদি) ছাড়াও, শারীরিক অসুস্থতার মত অপ্রত্যাশিত ঘটনার কারণে অভিবাসী পরিবারগুলি তাদের সঞ্চয় খরচ করে ফেলে, ফলে তাদের পরিকল্পিত অর্থনৈতিক লক্ষ্য ক্ষতিগ্রস্ত হয়।

**আপদকালীন সঞ্চয় হল একটি অর্থনৈতিক ব্যবস্থা যা বিপদের সময় আপনার আর্থিক স্থিতিশীলতা সুনিশ্চিত করে।** পরিকল্পনার বাইরের খরচ অথবা অর্থের জরুরী প্রয়োজনের জন্য এই টাকা জমিয়ে রাখা হয়। কিছু সাধারণ উদাহরণ হল গাড়ি মেরামতি, বাড়ি মেরামতি, চিকিৎসার খরচ বা চাকরী চলে যাওয়া।

**আপদকালীন সঞ্চয় কখন থেকে তৈরি করা শুরু করব?** যত তাড়াতাড়ি শুরু করা যায় তত ভালো। জরুরী পরিস্থিতি যখন খুশি দেখা দিতে পারে আর এই সময় হাতে পর্যাপ্ত টাকা থাকা খুব দরকার। এটিকে দীর্ঘমেয়াদী বিনিয়োগের সাথে যুক্ত রাখলে হবে না; বরং উচ্চ সুদের হার ও সহজে ব্যবহার করতে পারার মত সেভিংস অ্যাকাউন্টে এই টাকা জমাতে হবে। সবথেকে ভালো হয় যদি আপনার প্রতিদিন ব্যবহারের প্রধান চেকিং অ্যাকাউন্ট থেকে এই সেভিংস অ্যাকাউন্ট আলাদা রাখা যায়, তাহলে এই সঞ্চয় থেকে খরচ করার ইচ্ছা সংবরণ করা যাবে।

**আপদকালীন সঞ্চয়ে কত টাকা রাখব?** বিশেষজ্ঞরা বলেন যে যেকোন পরিবারকে ছয় মাস ধরে হওয়া ব্যয়ের পরিমাণে টাকা জমিয়ে রাখতে হবে। আপনি শুরুতে আপনার মাসিক আয় ও ব্যয় অনুযায়ী দুই মাসের জন্য সঞ্চয় লক্ষ্য স্থির করতে পারেন। খরচ চালানোর জন্য যথেষ্ট হবে এমন পরিমাণ অর্থই জমানোর চেষ্টা করুন, পুরো আয় জমিয়ে রাখতে হবে না।

“

*আচ্ছা, তাহলে (লেন্ডিং সার্কেলে) লাভ সম্পর্কে কি মনে হয়?*

*আসলে, লাভ বেশ ভালোই পাওয়া যায় কিন্তু এর সাথে নিরাপত্তা আর বিশ্বাসের ব্যাপারও তো জড়িয়ে থাকে, তাই না? আর এক্ষেত্রে খুব একটা সুরক্ষা থাকে না। এই টাকা নিয়ে ওরা যদি পালিয়েও যায়, আপনি কোথায় নিজের টাকা খুঁজতে যাবেন?*

*লেই – ম্যানহাটন*

”

## টাকা সঞ্চয়ের নিরাপদ উপায়

অর্থনৈতিক জরুরী পরিস্থিতিতে, মূলধারার আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ নেওয়ার অসুবিধা থাকলে বিকল্প আর্থিক পরিষেবার মাধ্যমে টাকা ধার করার ফলে পরিস্থিতি আরও খারাপ হয়ে যায়। বিকল্প আর্থিক পরিষেবার ক্ষেত্রে সুদের হার অনেক বেশী হয়, এবং এই পরিষেবা ব্যবহার করে মানুষ সর্বস্বান্ত হতে পারেন। এই অপ্রাতিষ্ঠানিক আর্থিক পরিষেবাগুলির (চেক-ক্যাশিং, পে-ডে লোন, রেমিটেন্স এজেন্সি) ঝুঁকি, যেমন, অর্থের নিরাপত্তা না থাকা ইত্যাদি সম্পর্কে সচেতন থাকা দরকার।

মহাজনী কারবার বা চড়া সুদ এড়ানোর জন্য সঞ্চয়ের অভ্যাস গড়ে তুলতে হবে এবং সেই ধরণের সেভিংস অ্যাকাউন্ট ব্যবহার করতে হবে যেখান থেকে আপনার সঞ্চয়ের উপর ভালো আয় পাওয়া যাবে।

- **রেগুলার সেভিংস অ্যাকাউন্ট** – ভালো সুদ পাওয়া যায় আর অতিরিক্ত পরিষেবা মূল্য বা জরিমানা না দিয়েই সময়ের আগে টাকা বের করে নেওয়া যায়।
- **মানি মার্কেট অ্যাকাউন্ট** – সুদ পাওয়া যাবে এবং চেক লেখা ও ATM ব্যবহারের সুবিধা থাকবে।

- **ডিপোজিট অ্যাকাউন্টের সার্টিফিকেট** – সেভিংস অ্যাকাউন্টগুলির মধ্যে সবথেকে বেশী সুদ দেয় কিন্তু টাকা বের করার বিষয়ে অনেক বেশী সীমাবদ্ধতা থাকে।

আপনার সঞ্চয় বাড়ানোর বিভিন্ন বিকল্প সম্পর্কে নিজের ব্যাঙ্ক বা ক্রেডিট ইউনিয়নের কাছে জানতে চান। প্রতিটি প্রোডাক্টের সুবিধা ও মূল্য জানতে ভুলবেন না এবং আপনার সঞ্চয় পরিকল্পনার জন্য সবথেকে উপযুক্তটি বেছে নিন।

## কলেজের জন্য সঞ্চয়

কলেজের জন্য সঞ্চয় শুরু করার একাধিক উপায় আছে, যেমন আগে থেকে খরচ দিয়ে দেওয়া টিউশন পরিকল্পনা ও কলেজ শিক্ষার্থীদের জন্য সেভিংস অ্যাকাউন্ট, যা বাবা-মা সন্তানের জন্মের সময়ে তৈরি করে কলেজে ভর্তির সময় পর্যন্ত সক্রিয় রাখতে পারবেন যেমন, 529 কলেজ প্ল্যান। যত তাড়াতাড়ি সঞ্চয় করা শুরু করবেন, আপনার সন্তানের কলেজে পড়ার খরচ ততই কম হবে। আপনি যদি প্রতি মাসে খুব বেশী সঞ্চয় করতে নাও পারেন, যতটা পারবেন ততটাই জমিয়ে রাখুন। প্রত্যেকটা ডলারই মূল্যবান, যত টাকা জমিয়ে রাখবেন ভবিষ্যতে আপনার সন্তানের জন্য ততটাই কম ধার করতে হবে।

529 কলেজ প্ল্যান হল একপ্রকার ইনভেস্টমেন্ট অ্যাকাউন্ট যা উচ্চশিক্ষার জন্য সঞ্চয় করতে ব্যবহার করা হয়। 529 প্ল্যানের ব্যয়ভার সাধারণত রাজ্য সরকার দ্বারা বহন করা হয়। আপনি তাদের নিজস্ব ওয়েবসাইট থেকে নথিভুক্ত হতে পারেন অথবা আপনার ব্যাঙ্ক বা ক্রেডিড ইউনিয়নকে নথিভুক্ত করে দেওয়ার জন্য জানাতে পারেন। অনেক সময় আর্থিক প্রতিষ্ঠানগুলি এই সেভিংস অ্যাকাউন্টের জন্য অতিরিক্ত মূল্য ধার্য করে, আপনার জন্য সেরা বিকল্পটিই বেছে নেবেন।

কিছু যোগ্যতাসম্পন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উচ্চশিক্ষার খরচ চালানোর জন্য আপনার NY 529 অ্যাকাউন্ট ব্যবহার করা যাবে, যেমন:

- পোস্ট সেকেন্ডারি ট্রেড ও ভোকেশনাল স্কুল
- 2- ও 4-বছরের কলেজ
- পোস্টগ্র্যাজুয়েট প্রোগ্রাম

একটি সোশ্যাল সিকিউরিটি নম্বর (SSN) বা ইন্ডিভিজুয়াল ট্যাক্সপেয়ার আইডেন্টিফিকেশন নম্বর (ITIN) থাকা প্রায় যেকোন ব্যক্তিই একটি 529 অ্যাকাউন্ট খুলতে পারবেন—বাবা-মা, দাদু-দিদা, অন্যান্য আত্মীয়, বন্ধুবান্ধব- যদি সুবিধাভোগী ব্যক্তি USA এর নাগরিক হন। অ্যাকাউন্টের মালিক অ্যাকাউন্টটি খোলেন, তিনি বিনিয়োগ স্থির করেন, একজন সুবিধাভোগীকে নিযুক্ত করেন এবং এই অর্থ কীভাবে ব্যবহার করতে হবে তা জানিয়ে দেন। অ্যাকাউন্টের মালিক যদি নিউ ইয়র্ক রাজ্যের করদাতা হন, তাহলে রাজ্য সরকারের কর মকুবের সুবিধাও তিনি পাবেন। আপনার অ্যাকাউন্টের জন্য পাওয়া কর সংক্রান্ত সুবিধার বিষয়ে আপনার প্ল্যান অ্যাডমিনিস্ট্রেটরের সাথে কথা বলুন।

এই কলেজ প্ল্যানটি এই ট্যাক্স ছাড়ের জন্যই অন্যান্য প্ল্যানের থেকে আলাদা। আয়ের ট্যাক্স যুক্তরাষ্ট্রীয় নিয়মে স্থগিত রাখা হয়, কিছু যোগ্যতাপ্রাপ্ত প্রত্যাহারের ক্ষেত্রে ট্যাক্স দিতে হয় না এবং কিছু রাজ্যে (যেমন নিউ ইয়র্ক) অন্যান্য ট্যাক্স সম্পর্কিত সুবিধাও পাওয়া যায়। NY 529 কলেজ অ্যাকাউন্ট মাত্র $25 এর সাথে খোলা যায়, আরও জানার জন্য ওয়েবসাইটটি দেখুন: www.nysaves.org।

*আমার মনে হয়, আপনি যদি সুস্থ থাকেন, রোগাক্রান্ত না হন, তাহলে আপনি অবশ্যই টাকা রোজগার করছেন। আমি মনে করি নিজের স্বাস্থ্যের খেয়াল রাখা খুব, খুবই দরকার।*

*নারি – কুইন*



# বিকল্প সঞ্চয় ব্যবস্থা কি?

উদাহরণ: **লেন্ডিং সার্কেল**, যা টেন্ডাস, কুনডিনাস, পানডেইরোস, সুসুস বা হুই নামেও পরিচিত।

# লেন্ডিং সার্কেল কি?

লেন্ডিং সার্কেল হল অপ্রাতিষ্ঠানিক আবর্তিত সঞ্চয় ও ঋণ প্রদান কাঠামো। এগুলি কোন আর্থিক সংস্থা দ্বারা সংগঠিত হবে এমনটা বাধ্যতামূলক নয় এবং এগুলিতে কোন সুদ দিতে হয় না। এগুলি সম্মিলিত প্রচেষ্টায় গড়ে ওঠে, সাধারণত একে অপরের পরিচিত একটি সম্প্রদায়ের সদস্যরা মিলে এগুলি সংগঠিত করে।

লেন্ডিং সার্কেল সাধারণত 10 থেকে 20 জন মানুষকে নিয়ে তৈরি হয়। প্রত্যেক অংশগ্রহণকারী মাসিক বা পাক্ষিকভাবে একটি নির্দিষ্ট অর্থমূল্য (প্রত্যেক অংশগ্রহণকারীর ক্ষেত্রে এই অর্থমূল্য সমান হয়) সার্কেলের সংগঠককে দিতে সম্মত হন, সুতরাং প্রতি মাসে একটি নির্দিষ্ট অর্থমূল্য দিতে হয়। প্রত্যেক ব্যক্তি একবার করে মোট অর্থমূল্য পাবেন এবং এটা ততক্ষণ চলতে থাকবে যতক্ষণ না পরের চক্র শুরু হওয়ার আগে প্রত্যেকে এই টাকা পাওয়ার সুযোগ পাবেন।

| লেন্ডিং সার্কেল | |
|---|---|
| **ভালো দিক** | **খারাপ দিক** |
| কোন মূল্য বা সুদ দিতে হবে না। | কেউ চাইলে নিজের ভাগ নিয়ে নেওয়ার পরে টাকা পরিশোধ করার আগেই লেন্ডিং সার্কেল ছেড়ে দিতে পারে। |
| আস্থা যাচাইয়ের দরকার হবে না, যে কেউ অংশগ্রহণ করতে পারবেন। | যদি সার্কেলের একজন সদস্য সঙ্কটে পড়েন এবং যে টাকা সার্কেলে দিতে হবে তা দেওয়ার পরিস্থিতি না থাকে, তাহলে প্রত্যেকেই টাকা হারাবেন। |
| অনেক সময় সংগঠকরা আপনার প্রয়োজন ও পরিকল্পনা অনুযায়ী আপনাকে টাকা নেওয়ার সময় বেছে নিতে দেবেন। | অন্যান্য প্রাতিষ্ঠানিক আর্থিক ব্যবস্থা ও সংস্থাকে নিয়ন্ত্রণ করে এমন বাইরের কোন কর্তৃপক্ষের সুরক্ষা নেই। |

*এখানে ঝুঁকি আর মুনাফা দুটোই বেশী কারণ আমি মনে করি এই হুইয়ে টাকা রাখলে সেটা মেনে নেওয়া যায়। আপনাকে বেশ কিছু টাকা রাখতে হয় তাই ঝুঁকি থাকে যে কেউ সেই টাকা নিয়ে পালিয়ে যাবে আর আপনার কিছু করারও থাকবে না কারণ এটা অবৈধ, ঠিক কিনা? এক্ষেত্রে কোন সুরক্ষাও নেই। অন্য দিকে আপনি যদি টাকা না দেন বা পরে যদি টাকা দিতে ভুলে যান, তাহলে অনেক সময় নিজের অধিকারও খোয়া যায়। তবে এটা নির্ভর করবে সংগঠকদের ওপর। অনেক সময় আত্মীয় বা পরিবারের লোকেরাই থাকে, তখন আপনার এখানে টাকা রাখতে কোন অসুবিধা হবে না।*

*আমার কাছে এটা একটা পরস্পর নির্ভর গোষ্ঠী, তাই নয় কি? আমি যখন এখানে প্রথম এসেছিলাম, কিছুই জানতাম না আর আমার একটা বাড়ি কেনার খুব প্রয়োজন ছিল। আমি কিছু টাকা জমাতে চেয়েছিলাম। সেইজন্য আমি যখন প্রথম কাজ পাই, সেই টাকা হুইতে রাখি যাতে অন্য কেউ আমার হয়ে টাকাটা রেখে দেয় আর আমি কিছু সুদও পাই। হুইয়ে টাকা রাখাটা অনেকটা বন্ধুর কাছে টাকা রাখার মত, যেন অন্য কেউ আপনার হয়ে টাকাটাকে যত্ন করে রেখে দিচ্ছে। আপনি যদি জরুরী পরিস্থিতির জন্য টাকা বাঁচাতে না চান, সেটা করলেও সমস্যা নেই, কারও এখানে সেটা রেখে আপনি চড়া সুদ পাচ্ছেন। তবে আমি এটাকে খুব বিশ্বাস করি না। এটা জুয়া খেলার মতই ব্যাপার। খুবই ঝুঁকিপূর্ণ। এই ব্যাপারটা আমার পছন্দ হয় না। আমি হলে এটা করব না। অনেক সময় জরুরী পরিস্থিতি থাকে, অনেক সময় আপনার টাকার দরকার হয়।"*

*আমি হুইয়ের উপর নির্ভর করি না। আমার যদি হঠাৎ করে নগদ টাকার দরকার হয় আর হুইয়ের সাহায্য নিতে হয়, তাহলে পরে কীভাবে সেই টাকা ফেরত দেব? আমি বরং নিজের আত্মীয়দের কাছ থেকে ধার করব।*

*জুনজি – ম্যানহাটন*

# এগুলি কীভাবে কাজ করে?

> *আমি টেন্ডার একজন সংগঠক। তবে শুধুমাত্র আমার বিশ্বস্ত মানুষদের সাথেই আয়োজন করি। জরুরী পরিস্থিতি আর দুর্ঘটনা ঘটতেই পারে। একবার একজন জ্ঞাতিভাই অসুস্থ হয়ে গেল আর নিজের ভাগের টাকা দিতে পারল না। আমিই ওর হয়ে টাকা দিয়ে দিলাম। তবে ও ঠকায়নি, সত্যিই হাসপাতালে ছিল। আমাদের শুধু ঝুঁকির বিষয়টা জেনে রাখতে হবে।*
>
> *আনায়া – ব্রঙ্কস*

লেন্ডিং সার্কেলগুলি সাধারণত কীভাবে কাজ করে তার একটা উদাহরণ দেওয়া হল:

12 জন মানুষ টেন্ডায় অংশগ্রহণ করে এক বছরের জন্য প্রত্যেকে মাসে $100 করে দিতে রাজি হলেন। তাহলে প্রতি মাসে $1,200 এর একটি "পট" তৈরি হল। এই ঋণদাতা চক্র যত দিন থাকবে প্রত্যেক অংশগ্রহণকারী বছরে একবার করে $1,200 এর সম্পূর্ণ "পটটি" পাবেন। আপনি যদি বছরের শুরুতেই "পট" পেয়ে যান, তাহলে টেন্ডা কোন সুদ নেবে না; আপনি যদি বছরের শেষে এটি পান তাহলে এটি খুব কার্যকরী সঞ্চয় পদ্ধতি হবে।

**এগুলি সাধারণত কাজ করে কারণ দলের সবাই একসাথে দায়বদ্ধ থাকে এবং একে অন্যকে বিশ্বাস করে।** দলের বেশীরভাগ ব্যক্তিই একে অপরকে চেনেন আর একজন কেউ টাকা না দিলে অন্যরা তার উপর চাপ দিতে পারেন যাতে তিনি সময়মতো পুরো টাকাটা দিয়ে দেন।

# নিজেকে কীভাবে সুরক্ষিত রাখবেন?

এটা মনে রাখা দরকার যে যেকোন আর্থিক লেনদেনের মতই লেন্ডিং সার্কেলের নিজস্ব ঝুঁকি আছে। এই ঝুঁকি কমানোর জন্য:

- **শুধুমাত্র তাদের সাথেই লেন্ডিং সার্কেলের আয়োজন করুন যাদের আপনি চেনেন ও বিশ্বাস করেন।**
- বড় সার্কেল তৈরি করবেন না। তাহলে দায়িত্ববোধ সম্পর্কে নিশ্চিত থাকতে পারবেন না আর এমন লোকও দলে ঢুকে যাবে যাদের আপনি চেনেন না বা ভরসা করেন না।
- লেন্ডিং সার্কেল সংগঠিত করে এমন প্রতিষ্ঠান খুঁজুন।
  কিছু ক্রেডিট ইউনিয়ন ও অন্যান্য সমাজভিত্তিক সংগঠন লেন্ডিং সার্কেলের ব্যবস্থা করে এবং আপনি দায়িত্বশীল থাকলে ও সময়মতো টাকা দিলে তা ক্রেডিট ব্যুরোর কাছে জানায়।

কয়েকটি সংগঠন যারা লেন্ডিং সার্কেলে আপনার অর্থনৈতিক ব্যবহার সম্পর্কে ক্রেডিট ব্যুরোর কাছে জানায়:

- ছায়া CDC, দীর্ঘস্থায়ী পরিবার শক্তিশালী সমাজ। www.chhayacdc.org
- মিশন অ্যাসেট ফান্ড। http://missionassetfund.org/lending-circles/

# সঞ্চয় ও বিতাড়ন

অপ্রত্যাশিত ঘটনার মধ্যে আটক করা বা বিতাড়িত হওয়ার মত অভিবাসীদের উপর প্রয়োগ হওয়া পদক্ষেপ থাকতে পারে, যার ফলে অনেক টাকা খরচ হতে পারে এবং এই দেশে আপনার ও আপনার আর্থিক পরিস্থিতি ক্ষতিগ্রস্ত হতে পারে।

## অভিবাসন প্রক্রিয়ার জন্য কি আমার টাকা জমানো উচিৎ?

**হ্যাঁ।** অভিবাসন ও আইনি ব্যবস্থা সবসময়ই ব্যয়বহুল হয়, তা অভিবাসন প্রক্রিয়া হোক, বন্ডের খরচ বা আপনার বাড়ির কাউকে আটক কেন্দ্রে ধরে রাখাই হোক। অভিবাসন আইনজীবীকে পারিশ্রমিক দেওয়া, পরিবারের সবার পাসপোর্ট করানো, বা আপনার বিতাড়ন মামলার জন্য আবেদন করা হোক, আপনার টাকার দরকার হবে। যেকোন পরিস্থিতির জন্য টাকা জমিয়ে রাখা দরকার। আপনার পরিবারের সদস্যদের সাথে কথা বলুন; বাবা-মা হিসাবে পরিকল্পনা করে রাখা অত্যন্ত জরুরী।

## আমাকে যদি আটক করা হয় বা এই দেশ থেকে তাড়িয়ে দেওয়া হয় তাহলে কি আমার ব্যাঙ্ক বা ক্রেডিট অ্যাকাউন্টের সব টাকা নষ্ট হয়ে যাবে?

**না।** আপনার অ্যাকাউন্টের টাকা আপনারই থাকবে। আপনি যদি সেই অ্যাকাউন্ট খোলেন, তাহলে সেই টাকা সুরক্ষিত থাকবে আর কোনভাবেই আপনার কাছ থেকে কেড়ে নেওয়া যাবে না। ব্যাঙ্ক ও ক্রেডিট ইউনিয়নগুলি ATM এর মাধ্যমে আপনার অ্যাকাউন্ট দূর থেকে ব্যবহার করার সুযোগ দেবে। **ব্যাঙ্ক ও ক্রেডিট ইউনিয়নে রাখা টাকা নিরাপদ থাকে এবং আপনি যে অভিবাসন প্রক্রিয়ার সম্মুখীন হোন না কেন এই টাকা আপনারই থাকবে।** আপনি যেকোন জায়গা থেকে নিজের অ্যাকাউন্ট ব্যবহার করতে পারবেন! শুধু আপনার টাকা দূর থেকে নিয়ন্ত্রণ করার ব্যবস্থাগুলি কীভাবে ব্যবহার করতে হবে তা আপনার জানা আছে তা নিশ্চিত করবেন। আপনার কার্ডে যদি ভিসা বা মাস্টারকার্ডের লোগো থাকে তাহলে এই কার্ড আপনি যেকোন স্থান থেকে ব্যবহার করতে পারবেন।

*"বর্তমান অবস্থা সম্পর্কে আমরা খুব চাপে আছি। আমাদের তাড়িয়ে দেওয়া হলে আমার সব টাকা কি নষ্ট হয়ে যাবে? এই ব্যাপারে কারও সাথে কথা বলব?*

*আপনার টাকা আপনারই থাকবে, তবে যাই হোক না কেন এই টাকা অ্যাকাউন্ট থেকে কীভাবে বের করতে পারবেন তা আপনাকে শিখে নিতে হবে।"*

*সালেহ - ব্রুকলিন*



*আসলে হ্যাঁ, আমি টাকা জমাতে শিখেছি আর নিজের দলকে দেওয়ার প্রতিজ্ঞা করেছি। প্রতি মাসে আমার কাছে ঐ পরিমাণ টাকা থাকে। মানুষ আমায় বিশ্বাস করতে পারে, কারণ তারা আমাদের সমাজের, আমায় চেনে। আর প্রত্যেকেই টাকা দেয়। একবার টেন্ডার এক সদস্যকে নিয়ে একটা সমস্যা হয়েছিল, আমার স্বামী তখন আমায় একটা ব্যাঙ্ক অ্যাকাউন্ট খুলতে বলে আর সেই একই পরিমাণ টাকা আমায় জমাতে বলে কারণ আমি খুবই বিশ্বস্ত। আর ও ঠিকই বলেছে। আমি সেটাই করব!*

*সিলভিয়া – স্ট্যাটেন আইল্যান্ড*

## আমার পরিবার বা বন্ধুর সাথে নিজের অ্যাকাউন্ট ভাগ করে নেওয়ার আর কি কি উপায় আছে?

যাদের বিশ্বাস করেন তাদের সাথে শুধুমাত্র নিজের ব্যক্তিগত তথ্য, অ্যাকাউন্ট ও টাকা ভাগ করে নিন। চাইলে একটি জয়েন্ট অ্যাকাউন্ট খুলতে পারেন অথবা একাধিক কার্ড ব্যবহার করতে পারেন। আপনার জন্য কোনটা ঠিক হবে তা আপনার ব্যাঙ্ক বা ক্রেডিট ইউনিয়নের একজন বিশেষজ্ঞের সাথে কথা বলে ঠিক করুন।

## আমি কি নিজের অ্যাকাউন্ট বন্ধ করে সব টাকা তুলে নেব?

অ্যাকাউন্ট বন্ধ করে হাতে নগদ টাকা রেখে দেওয়া খুব ঝুঁকিপূর্ণ ব্যাপার। দূর থেকে অ্যাকাউন্ট সামলানোর বহু উপায় আছে। তবে, আগে থেকে পরিকল্পনা করা দরকার এবং অন্য দেশ থেকে কীভাবে নিজের টাকা হাতে পাবেন তা শিখে নিতে হবে। আপনার ব্যাঙ্কের সাথে কথা বলুন, সম্প্রদায়ভিত্তিক সংগঠনগুলির সাথে যোগাযোগ করুন যারা যেকোন পরিস্থিতির জন্য আপনাকে প্রস্তুত করতে পারবে ও সহায়তা করবে। **এটা মনে রাখা দরকার যে আপনার টাকা যেমন আপনারই থাকবে, তেমনই দেশ থেকে বের করে দেওয়া হলেও আপনার ঋণগুলিও আপনাকেই পরিশোধ করতে হবে।**

**ব্যবস্থা নিন এবং একটি আপদকালীন পদক্ষেপের পরিকল্পনা তৈরি করুন যাতে একটি অপ্রত্যাশিত অভিবাসন প্রক্রিয়ার মধ্যে দিয়ে যাওয়ার সময়েও আপনি প্রস্তুত থাকতে পারেন।**

**যা করতে হবে এখনই করতে হবে।**

## সঞ্চয় পদ্ধতির উদাহরণ

একটি উদ্দেশ্যের জন্য সঞ্চয় করার মত ভালো অর্থনৈতিক অভ্যাস আপনার ব্যক্তিগত ও পরিবারের অর্থনীতির উপর প্রভাব ফেলবে। এখনই নিজের সঞ্চয় পরিকল্পনা তৈরি করুন!

**পদক্ষেপ:** সঞ্চয়কে আপনার প্রতিদিনের অভ্যাসে পরিণত করার একটি উদাহরণ হল 52-সপ্তাহের চ্যালেঞ্জ। আপনাকে 52টি খাম ও একটি পেন জোগাড় করতে হবে। খামগুলিতে সপ্তাহের সংখ্যা লিখুন, প্রত্যেক সপ্তাহে যেকোন একটি খাম তুলে নিন আর তার ভিতরে সেই সপ্তাহের জন্য বরাদ্দ টাকা ভরে দিন, চ্যালেঞ্জের শেষে আপনি $1,378 সঞ্চয় করবেন।

# 52 সপ্তাহের সেভিংস চ্যালেঞ্জ

| তারিখ | সপ্তাহ | জমা দিন | মোট সঞ্চয় | জমা করেছেন? হ্যাঁ/না | তারিখ | সপ্তাহ | জমা দিন | মোট সঞ্চয় | জমা করেছেন? হ্যাঁ/না |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | 1 | $1 | $1 | | | 27 | $27 | $378 | |
| | 2 | $2 | $3 | | | 28 | $28 | $406 | |
| | 3 | $3 | $6 | | | 29 | $29 | $435 | |
| | 4 | $4 | $10 | | | 30 | $30 | $465 | |
| | 5 | $5 | $15 | | | 31 | $31 | $496 | |
| | 6 | $6 | $21 | | | 32 | $32 | $528 | |
| | 7 | $7 | $28 | | | 33 | $33 | $561 | |
| | 8 | $8 | $36 | | | 34 | $34 | $595 | |
| | 9 | $9 | $45 | | | 35 | $35 | $630 | |
| | 10 | $10 | $55 | | | 36 | $36 | $666 | |
| | 11 | $11 | $66 | | | 37 | $37 | $703 | |
| | 12 | $12 | $78 | | | 38 | $38 | $741 | |
| | 13 | $13 | $91 | | | 39 | $39 | $780 | |
| | 14 | $14 | $105 | | | 40 | $40 | $820 | |
| | 15 | $15 | $120 | | | 41 | $41 | $861 | |
| | 16 | $16 | $136 | | | 42 | $42 | $903 | |
| | 17 | $17 | $153 | | | 43 | $43 | $946 | |
| | 18 | $18 | $171 | | | 44 | $44 | $990 | |
| | 19 | $19 | $190 | | | 45 | $45 | $1,035 | |
| | 20 | $20 | $210 | | | 46 | $46 | $1,081 | |
| | 21 | $21 | $231 | | | 47 | $47 | $1,128 | |
| | 22 | $22 | $253 | | | 48 | $48 | $1,176 | |
| | 23 | $23 | $276 | | | 49 | $49 | $1,225 | |
| | 24 | $24 | $300 | | | 50 | $50 | $1,275 | |
| | 25 | $25 | $325 | | | 51 | $51 | $1,326 | |
| | 26 | $26 | $351 | | | 52 | $52 | $1,378 | |

# 5. ক্রেডিট

## ক্রেডিট কি?

**ক্রেডিট হল একটি অর্থনৈতিক ব্যবস্থা** যা **আপনার** অল্প সময়ের, মাঝারী সময়ের ও দীর্ঘ সময়ের **লক্ষ্য পূরণে** সহায়তা করে। ক্রেডিট হল টাকা ঋণ করার একটি প্রক্রিয়া যা আপনার পণ্য ও পরিষেবা লাভ করার জন্য একটি আর্থিক সংস্থা থেকে মঞ্জুর করা হয় কারণ আপনি ভবিষ্যতে সুদ সহ ধীরে ধীরে এই ঋণ শোধ করার প্রতিশ্রুতি দেন।

ক্রেডিট হল সেভিং (যেখানে আপনি ভবিষ্যতে ব্যবহারের জন্য টাকা সঞ্চয় করেন)-এর বিপরীত প্রক্রিয়া, তবে আপনি একইসাথে দুটি কাজ করতে পারেন। আপনি লোন নিতে পারেন অথবা ক্রেডিট কার্ড ব্যবহার করতে পারেন এবং তারপরেও সঞ্চয় করতে পারবেন!

U.S. এর একজন অভিবাসী হিসাবে, আপনার কাছে টাকা না থাকলে প্রয়োজনের সময় কি করেন?

- আপনি নিজের আত্মীয় বা পরিচিতদের কাছ থেকে ধার করেন।
- একটি পন শপে যান
- ঋণদাতা বা মহাজনদের খোঁজ করেন
- দোকানে বাকি রাখার অনুরোধ করেন

**এই দেশে আসা নতুন অভিবাসী যাদের কাগজপত্র থাকে না,** তাদের অনেকের জন্য আর্থিক সাফল্যের একটি বড় পদক্ষেপ হল ক্রেডিট কার্ডের আবেদন জানানো। ক্রেডিট ব্যবহার করে নিজের আর্থিক লক্ষ্য অর্জন করা যায়। তাদের নিজেদের দেশে এই ক্রেডিট এক বিলাসিতার সামগ্রী হিসাবে গণ্য হয়। **U.S.-এর পরিস্থিতি এমনটা না হলেও, ক্রেডিটের সাথে আপনার ক্রেডিট ও ক্রেডিট স্কোর নিয়ন্ত্রণের আর্থিক দায়িত্বও যুক্ত থাকে।**

একজন ব্যক্তি যখন ক্রেডিট পান, তখন এটাই বোঝায় যে তিনি যার কাছ থেকে ধার করছেন সেই ব্যক্তি বা সংস্থাকে ভবিষ্যতে এই টাকা ফেরত দেওয়ার প্রতিশ্রুতি দিচ্ছেন।

## আমরা কোন ক্ষেত্রে ক্রেডিট ব্যবহার করব?

- অল্প, মাঝারী বা দীর্ঘ সময়ের আর্থিক লক্ষ্য পূরণ করা যায়
- আরও ভালো সুদের হার পাওয়া যায়
- উচ্চশিক্ষা লাভ করা যায়
- অপ্রত্যাশিত খরচ (আপদকালীন) সামলানো যায়
- ব্যবসা শুরু করা যায়
- বাড়ি কেনা যায়
- গাড়ি কেনা যায়

## এর তাৎপর্য কি?

ক্রেডিট কীভাবে পাবেন তা জানার আগে, এটা মনে রাখা জরুরী যে ভালো ক্রেডিট স্কোর বজায় রাখতে হবে এবং আপনার সমস্ত আর্থিক ব্যবস্থাগুলি (অন্যান্য অ্যাকাউন্ট) একে অপরের সাথে ও আপনার ক্রেডিটের সাথে সংযুক্ত থাকে।

সবার আগে নিজেকে জিজ্ঞাসা করবেন: আপনার কি জন্যে ক্রেডিট লাগবে? সম্ভাব্য আপদকালীন পরিস্থিতির জন্য?
অন্য ঋণ শোধ করার জন্য? ছোট একটা ব্যবসা শুরু করার জন্য?
শীতের পোশাক কেনার জন্য?
**সবার আগে, বুঝুন আপনার ক্রেডিট চাওয়ার কারণটি প্রয়োজন নাকি চাহিদা।** ব্যাঙ্কিং সিস্টেম চাইবে আপনি আর্থিকভাবে দায়িত্বশীল থাকুন। **দ্বিতীয়ত, ডেবিট অ্যাকাউন্ট সহ আপনার যেকোন অ্যাকাউন্টের জন্য নেওয়া পদক্ষেপ আপনার অনুরোধ করা ক্রেডিট ও ক্রেডিট রিপোর্টের উপর প্রভাব ফেলবে।**

**উদাহরণ:** একটি নির্দিষ্ট ব্যাঙ্কের সাথে থাকা চেকিং অ্যাকাউন্ট আপনি 4 বছর ধরে ব্যবহার করেননি, এবং আপনার পোশাকের দোকানের ক্রেডিট কার্ডের ঋণও শোধ করেননি। **এগুলির প্রভাব কি আপনার ক্রেডিট রিপোর্টের উপর পড়বে? অবশ্যই।**

# আমি কীভাবে ক্রেডিট লাভ করব?

## আপনি নিজের SSN অথবা ITIN নম্বর ব্যবহার করতে পারেন!

কর দেওয়ার পাশাপাশি, ITIN নম্বর ব্যবহার করে লোনের আবেদন করা বা ব্যবসা শুরু করাও যায়। **সুতরাং, আপনার যদি সোশ্যাল সিকিউরিটি নম্বর (SSN) না থাকে তাহলে আমেরিকার অর্থনৈতিক ব্যবস্থা ব্যবহার করার জন্য ITIN থাকা অত্যাবশ্যক।** ITIN এর সাহায্যে আপনি ক্রেডিট গড়ে তুলতে পারবেন, আপনার অভিবাসন স্থিতি বৈধ না হলেও।

## ITIN সম্পর্কে যা যা জানতে হবে

- ইন্ডিভিজুয়াল ট্যাক্সপেয়ার আইডেন্টিফিকেশন নম্বর (ITIN) ট্যাক্স ফাইলিং প্রক্রিয়ার জন্য ইন্টারনাল রেভেনিউ সার্ভিস (IRS) দ্বারা প্রদান করা হয়। IRS সেই সমস্ত মানুষের জন্য একটি করে ITIN স্থির করে **যাদের একটি ট্যাক্সপেয়ার আইডেন্টিফিকেশন নম্বর লাগে কারণ তাদের সেটি থাকে না অথবা তারা সোশ্যাল সিকিউরিটি অ্যাডমিনিস্ট্রেশন দ্বারা একটি SSN পাওয়ার যোগ্যতালাভ করেন না (যেমন বিদেশীরা)।**
- ITIN কোন অফিশিয়াল আইডিও নয় আবার সোশ্যাল সিকিউরিটি নম্বরও নয়।
- আমেরিকার নাগরিক ও বিদেশী উভয়ের জন্য অভিবাসন স্থিতি নির্বিশেষে IRS ITIN জারি করে যাদের ট্যাক্স রিটার্ন ফাইল করার দরকার পড়ে।

  ITIN বধৈ কাজরে অনুমে াদন দয়ে না বা সামাজকি নরিাপত্তা সংক্রান্ত সুবধিাও দয়ে না।
- ITIN পাওয়ার জন্য, **আপনাকে W-7 ফর্ম (যা ইন্টারনটেে বভিনি্ন ভাষায় বনিামূল্যে পাওয়া যাবে) ও আগরে বছররে ট্যাক্স রটিার্ন জমা দতিে হবে।**
- ITIN ফর্মের প্রক্রিয়া সম্পূর্ণ হওয়ার পরে, IRS অথবা আমেরিকা সরকারের রাজস্ব বিভাগ থেকে আপনার কাছে নির্ধারিত নম্বর সহ একটি চিঠি পাঠানো হবে।
- **IRS স্বরাষ্ট্র নিরাপত্তা বিভাগ বা কোন অভিবাসন সংস্থাকে আপনার তথ্য জানাবে না।**
- **ফুড ব্যাঙ্ক অফ নিউ ইয়র্ক ও মেক্সিকো দূতাবাসের উইন্ডো অফ ফাইন্যান্সিয়াল কাউন্সেলিং-এর মত আনুষঙ্গিক প্রতিষ্ঠানও ITIN নম্বর দিতে পারবে।**
- একটি ব্যাঙ্ক বা ক্রেডিট ইউনিয়নের কাছে একটি সিকিওরড ক্রেডিট কার্ডের অনুরোধ জানান। এগুলি অভিবাসীদের জন্য এবং যারা নিজেদের ক্রেডিট তৈরি করতে চান তাদের জন্য কিছু গুরুত্বপূর্ণ ব্যবস্থা।
- আপনার সিকিওরড ক্রেডিট কার্ড নেওয়া ব্যাঙ্ক বা ক্রেডিট ইউনিয়নে কিছু টাকা জমা রাখুন (যেমন, $500)।

> *গাড়ি বা বাড়ি কেনার জন্য আপনার ক্রেডিট দরকার হবেই। তখন আপনার ক্রেডিট রেকর্ড লাগবে। আমেরিকায় ক্রেডিট খুব গুরুত্বপূর্ণ। এটা লাগবে কারণ আপনাকে নিজের বিশ্বস্ততা প্রমাণ করতে হবে। এটি সারা জীবন আপনার সাথে থেকে যাবে। এটা দরকার। এটা কাজের।*
>
> *লেইং – ম্যানহাটন*

# প্রথমবার কীভাবে ক্রেডিট ব্যবহার করব?

- সেই একই অর্থমূল্যের সীমার সাথে আপনি একটি ক্রেডিট কার্ড পেয়ে যাবেন ($500)।
- এই ক্রেডিট কার্ড ব্যবহার করুন এবং প্রতি মাসে সময় মত টাকা শোধ করুন। ক্রেডিট সীমা অতিক্রম করবেন না।
- কয়েক মাস পরে, ব্যাঙ্ক বা ক্রেডিট ইউনিয়ন আপনার কার্যকলাপ পর্যালোচনা করবে এবং আপনি দায়িত্ব সহকারে ক্রেডিট কার্ড ব্যবহার করেছেন (সময়ের মধ্যে পুরো টাকা শোধ করা) কিনা তা স্থির করবে। এই প্রতিষ্ঠান আপনার প্রথমে জমা দেওয়া টাকা ফিরিয়ে দেবে এবং আপনি ক্রেডিট কার্ড ব্যবহার করা চালিয়ে যেতে পারবেন।
- আপনার টাকা শোধের কার্যকলাপ প্রধান ক্রেডিট ব্যুরোগুলিতে জানানো হবে। এর ফলে আপনার ক্রেডিট হিষ্ট্রি তৈরি হবে, এবং সময়ে টাকা শোধ করলে ক্রেডিট স্কোরও ভালো থাকবে।
- আর্থিক দায়িত্বশীলতা ভালো ক্রেডিট স্কোরের জন্য বিশেষভাবে প্রয়োজনীয়।

1 একটি SSN বা ITIN নম্বর লাভ করুন

2 একটি সিকিওরড ক্রেডিট কার্ডের অনুরোধ জানান

3 কিছু টাকা জমা রাখুন

4 নির্দিষ্ট সীমাযুক্ত একটি ক্রেডিট কার্ড পাবেন

5 কার্ড ব্যবহার করুন ও প্রতি মাসে সময়ের মধ্যে টাকা শোধ করুন।

6 আপনার টাকা মেটানোর কার্যকলাপ 6টি প্রধান ক্রেডিট ব্যুরোতে জানানো হবে। পেমেন্ট প্যাটার্ন প্রতিষ্ঠিত হয়ে যাবে।

**এখন আপনার ক্রেডিট হিষ্ট্রি তৈরি হয়ে গেছে।**

**সিকিওরড ক্রেডিট কার্ড** হল এমন ব্যবস্থা যার মাধ্যমে আপনি নিজের ক্রেডিট হিষ্ট্রি তৈরি বা প্রতিষ্ঠা করতে পারবেন। নিরাপদ ক্রেডিট কার্ড প্রিপেড কার্ডের (যা আমরা ব্যাঙ্ক থেকে অনেক বেশী পরিমাণে চাই) মত নয়, এগুলি **আপনাকে একটি ক্রেডিট লাইন লাভ করতে দেয় এবং আপনার টাকা শোধের কার্যকলাপ প্রধান ক্রেডিট ব্যুরোগুলিতে জানানো হয়।** একমাত্র আপনিই একটি ভালো ক্রেডিট হিষ্ট্রি তৈরি করতে পারবেন। এটা আপনারই হাতে আছে। প্রতি মাসে সময়ের মধ্যে টাকা শোধ করুন এবং ক্রেডিট সীমার তুলনায় আপনার খরচ অপেক্ষাকৃত কম রাখুন, তাহলে ইতিবাচক ক্রেডিট হিষ্ট্রি আর ভালো ক্রেডিট স্কোর তৈরি হবে। মনে রাখবেন: সিকিওরড কার্ড সক্রিয় হওয়ার আগে, ক্রেডিট লাইনের সমান টাকা অবশ্যই জমা দিতে হবে।

# ক্রেডিট সংক্রান্ত প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

## ক্রেডিটের বিভিন্ন প্রকার ও ব্যবহারগুলি কি কি?

- **রিভল্ভিং ক্রেডিট** বলতে বোঝায় একটি ওপেন-এন্ডেড ক্রেডিট অ্যাকাউন্টকে- ক্রেডিট কার্ড বা অন্যান্য "লাইন অফ ক্রেডিট"-এর মত এটি ব্যবহার করা যায় ও শোধ করা যায় যতক্ষণ এই অ্যাকাউন্ট সক্রিয় থাকে।
- **ইন্সটলমেন্ট ক্রেডিট** একটি নির্দিষ্ট অর্থমূল্যের ঋণ নির্দেশ করে। ঋণগ্রহীতা নির্দিষ্ট অর্থমূল্য প্রথমেই স্থির করে নেওয়া মাস ধরে শোধ দিতে সম্মত হন।

## ক্রেডিট কীভাবে পাবেন?

- **সামর্থ্য** - আপনার বাজেট অনুযায়ী টাকা দেওয়ার ক্ষমতা।
- **পুঁজি** - আর্থিক সঞ্চয় বা আপনার সম্পত্তি।
- **বন্ধক** - ক্রেডিটের আবেদন করার সময় জামানত হিসাবে দেওয়া সম্পত্তি।
- **ঋণ ও আয়ের অনুপাত** - আপনার মাসিক রোজগারের সাথে দেনার শতকরা হার।
- **ক্রেডিট হিষ্ট্রি** - ক্রেডিটের পুরানো অভিজ্ঞতা।

## ক্রেডিট ব্যবহার করার জন্য আপনাকে কত টাকা দিতে হবে?

- **মূলধন** - যে অর্থমূল্য ঋণ হিসাবে দেওয়া হয়।
- **সুদ বা APR** (অ্যানুয়াল পার্সেন্টেজ রেট বা বার্ষিক শতকরা হার) – ঋনদাতার টাকা ব্যবহার করার জন্য, তাদের দেওয়া টাকার উপর কিছু শতাংশ সুদ দিতে হয়।
- **পারিশ্রমিক** - ক্রেডিট কার্ড দেওয়ার জন্য ধার্য করা মূল্য।

**FICO স্কোর কি?** ফেয়ার আইজ্যাক কর্পোরেশন (FICO) স্কোর হল ক্রেতার ক্রেডিট ঝুঁকির নম্বর যা আমেরিকায় ক্রেতা ঋণের মানদণ্ডে পরিণত হয়েছে। আর্থিক প্রতিষ্ঠানগুলি সবথেকে বেশী FICO স্কোরই ব্যবহার করে।

**FICO স্কোর কীভাবে গণনা করা হয়।** এই আর্থিক সরঞ্জামটির ব্যবহার নির্ভর করে প্রত্যেক ব্যক্তি ও তাদের প্রয়োজনের উপর। এটি তাদের ঋণ ও আয়ের অনুপাত এবং আর্থিক পরিকল্পনার সাথে সম্পর্কিত। আপনার FICO স্কোর 300 (খারাপ) থেকে 850 (অসাধারণ) পয়েন্টের মধ্যে থাকবে।

- 35% অতীতের অর্থ পরিশোধ।
- 30% আপনার ঋণ নেওয়া অর্থমূল্য।
- 15% ক্রেডিট হিস্ট্রির সময়কাল
- 10% ব্যবহৃত ক্রেডিটের প্রকার
- 10% সাম্প্রতিক ক্রেডিটের সংখ্যা।

**ক্রেডিট হিস্ট্রির হিসাব কে রাখে?** এক্সপেরিয়ান, ট্রান্সইউনিয়ন ও ইকুইফ্যাক্স হল কয়েকটি মূলধারার সংস্থা যারা দেশের প্রতিটি ব্যক্তির ক্রেডিট মূল্যায়ন করার জন্য দুটি সরঞ্জাম প্রস্তুত করে: ক্রেডিট রিপোর্ট ও ক্রেডিট স্কোর। প্রত্যেক সংস্থার কাছে থাকা তথ্য একই হবে এমন কোন কথা নেই। এইজন্য, বছরে অন্ততপক্ষে একবার পর্যালোচনা করা দরকার।

## ক্রেডিট রিপোর্টে কতদিন পর্যন্ত তথ্য থেকে যায়?

অনুসন্ধানের উপর নির্ভর করে 7 থেকে 10 বছর পর্যন্ত তথ্য সংরক্ষণ করা থাকে।

## ক্রেডিট রিপোর্টের মধ্যে কি কি থাকে?

- **ব্যক্তিগত তথ্য** (নাম, জন্মতারিখ, ঠিকানা, টেলিফোন নং)।
- **ব্যক্তিগত অর্থনীতি সংক্রান্ত সরকারী নথিপত্র** (দেউলিয়ার তথ্য, আদালতের সিদ্ধান্ত, মামলা, পরিশোধে বিলম্ব)।
- **ক্রেডিট হিষ্ট্রি।** – বকেয়া ঋণ সহ আপনার সমস্ত ক্রেডিটের জন্য।
- **সংস্থার তালিকা যারা আপনার কাছে রিপোর্ট চেয়েছেন।**

## রিপোর্টে কি থাকে না?

- **পরিষেবায় টাকা দেওয়ার বিবরণ** (বিদ্যুৎ, সেল ফোন, বাড়ি ভাড়া) যদি না টাকা না দেওয়ার জন্য আপনাকে একটি ঋণ সংগ্রাহক সংস্থার কাছে পাঠানো হয়ে থাকে।
- **বেতন ও নিয়োগ স্থিতি**
- **অভিবাসন স্থিতি**
- **অতীত অসুস্থতার বিবরণ**


*একটি বাড়ি কিনুন। আমেরিকায় খুব শক্ত বলে কিছু হয় না। পরিশ্রম করলে লক্ষ্যে পৌঁছানো যাবেই, যদি নিজের কাজকর্ম সঠিকভাবে সামলানো যায়।*

*ইয়ুন – কুইন্স*

**আপনার ক্রেডিট সবথেকে বেশী ক্ষতিগ্রস্ত কীভাবে হবে?** অল্প সময়ের মধ্যে খুব বেশী লোন নেওয়া, আপনার পরিচয় চুরি হয়ে যাওয়া, অ্যাকাউন্ট ডিফল্ট করা, একাধিকবার টাকা না দেওয়া ও বিল দেওয়ার জন্য ক্রেডিটের উপর অত্যধিক নির্ভর করা।

## ভালো ক্রেডিট হিস্ট্রি কীভাবে বজায় রাখা যাবে?

- সময়ের মধ্যে বিল দেওয়া
- সময়মতো টাকা শোধ করার একটি পরিকল্পনা তৈরি করা
- নিজের ক্রেডিট স্কোর ও ক্রেডিট লোডের হিসাব রাখা
- নিজের ক্রেডিট ব্যবহারের বিষয়ে সতর্ক থাকা
- নতুন ক্রেডিট অনুরোধ সীমিত রাখা (বুদ্ধি করে চলুন)
- রিপোর্টে থাকা ভুল তথ্য সম্পর্কে অভিযোগ জানানো



# 6. ট্যাক্স



## আমি ট্যাক্স কেন দেব?

ট্যাক্স বা কর হল সরকার দ্বারা সংগ্রহ করা অর্থ যা সাধারণ সরকারী পরিষেবা যেমন গণ পরিবহন, পরিকাঠামো, জন সুরক্ষা, ও শিক্ষা ইত্যাদি দেওয়ার জন্য ব্যবহৃত হয়। আইন অনুযায়ী অভিবাসন স্থিতি নির্বিশেষে রোজগার করেন এমন প্রত্যেক ব্যক্তি ট্যাক্স দেবেন।

**ট্যাক্স দেওয়া ঐচ্ছিক বিষয় নয়, এটি বাধ্যতামূলক।** U.S. সরকার ইন্টারনাল রেভেনিউ সার্ভিস বা IRS এর মাধ্যমে ট্যাক্স সংগ্রহ করে।

## আমাকে কি ট্যাক্স দিতেই হবে?

ইউনাইটেড স্টেটসে যাদের ট্যাক্স দিতেই হবে তারা হলেন:

- U.S. নাগরিক
- স্থায়ী বাসিন্দা ও বিদেশী নাগরিক (বাসিন্দা হলেও, অনাবাসী হলেও)। এখানে সেইসব ব্যক্তিদের বোঝানো হচ্ছে যারা বিদেশে জন্মেছেন এবং একটি নির্দিষ্ট সময়ের জন্য ইউনাইটেড স্টেটসে থেকেছেন।
- অনাবাসী বিদেশী নাগরিক। এখানে সেইসব ব্যক্তিদের বোঝানো হচ্ছে যারা শিক্ষার্থী বা H-1B কর্মচারীদের মত বিদেশী নাগরিক যারা ভিজিটর বা ননইমিগ্র্যান্ট ভিসায় এসেছেন।

একজন নাগরিক হিসাবে আপনাকে ট্যাক্স দিতে হবে যদি আপনার:

- গ্রিন কার্ড থাকে
- ইউনাইটেড স্টেটসে উপস্থিত থাকেন:
  - যে বছরের ট্যাক্স দিতে হবে তার মধ্যে অন্ততপক্ষে 31 দিনের জন্য, অথবা
  - গত 3 বছরের মধ্যে অন্ততপক্ষে 183 দিনের (প্রায় 6 মাস) জন্য।

ট্যাক্স দেওয়ার জন্য আপনার একটি সোশ্যাল সিকিউরিটি নম্বর (SSN) অথবা একটি ইন্ডিভিজুয়াল ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর (ITIN) থাকতে হবে।

> *এমন জায়গাও আছে যেখানে আমি ফ্রি (ট্যাক্স) পরিষেবা পাব। আমাকে সেখানে যেতে হবে কারণ আমি নিজে নিজে এটা করতে পারব না।*
>
> *মিন – ম্যানহাটন*

## ট্যাক্স দিলে অতিরিক্ত কোনও সুবিধা পাওয়া যাবে?

## হ্যাঁ! প্রচুর সুবিধা পাওয়া যাবে:

- আপনি যখন ট্যাক্স দেন, এটাই বোঝান যে আপনি আইন মেনে চলেন ও একজন ন্যায়পরায়ণ মানুষ। এটাই বোঝায় যে আপনি সমাজের উন্নয়নে অবদান রাখছেন।
- আপনি যদি কোন অভিবাসন ত্রাণের যোগ্যতা পান, তাহলে ট্যাক্স দিলে এই দেশের নাগরিকত্ব পেয়ে যাবেন।
- আপনাকে রফিন্ড ও ক্রডেটি দওয়া হতে পারে।
- আপনার সন্তানেরা কলেজে আবেদন করতে চাইলে আপনার সাম্প্রতিকতম ট্যাক্স রিটার্ন দেখানো বাধ্যতামূলক হবে যাতে প্রমাণ হয় যে আপনি নির্দিষ্ট একটি শহর বা রাজ্যের বাসিন্দা এবং আর্থিক সহায়তার জন্য আবেদন জানানো যাবে।
- সামাজিত কিছু সুবিধাও আপনি পাবেন।
- আপনি যদি SSN এর মাধ্যমে ট্যাক্স দেন, তাহলে পেনশন ও সামাজিক নিরাপত্তার সুবিধা পেতে পারবেন।
- ITIN থাকলে আপনি ক্রেডিট লাভ করতে পারবেন।

## কোন ধরণের আয়ের ক্ষেত্রে ট্যাক্স দিতে হবে?

আয় বিভিন্ন উপায়ে বা আকারে করা যায়। যেক্ষেত্রে আপনাকে পণ্য বা পরিষেবার জন্য টাকা দেওয়া হয় তাকেই আয় বলে।

সব ধরণের আয়ের ক্ষেত্রে ট্যাক্স দিতে হয় না। অর্থাৎ আপনার সমস্ত রোজগারের জন্য ট্যাক্স দিতেই হবে এমনটা নাও হতে পারে। উত্তরাধিকার সূত্রে পাওয়া সম্পত্তি, কল্যাণমূলক অর্থগ্রহণ এবং চাইল্ড সাপোর্টের মত কিছু ক্ষেত্রে আয়ের জন্য ট্যাক্স দিতে হয় না।

যদিও বেশীরভাগ আয়ের ক্ষেত্রেই ট্যাক্স দিতে হয়। মজুরী, বেতন, সম্পত্তির ভাড়া, অবসর জীবনে পাওয়া অর্থ, বা বেকার ভাতা এই সবগুলির ক্ষেত্রেই ট্যাক্স দিতে হবে।

**আপনার আয় যে ধরণেরই হোক না কেন সেই সম্পর্কে আপনাকে জানাতে হবে।**

## আমার ট্যাক্স রিটার্নের মধ্যে কি কি অন্তর্ভুক্ত করতে হবে?

- আপনি যদি প্রাতিষ্ঠানিক চাকরী করেন এবং স্বাধীন চুক্তিবদ্ধ কর্মী না হন, তাহলে খুব সম্ভবত আপনার নিয়োগকর্তা আগে থেকেই আপনার ট্যাক্স আটকে রেখেছিলেন এবং IRS এর কাছে পাঠিয়ে দিয়েছেন। আপনি যখন ট্যাক্স ফাইল করবেন তখন এটির হিসাব পেয়ে যাবেন। যদি নিয়োগকর্তার আটকে রাখা টাকা আপনার কাছ থেকে নেওয়া টাকার থেকে বেশী হয় তাহলে বাকি টাকাটা আপনাকে রিফান্ড করা হবে।
- আপনার ট্যাক্স রিটার্নে কিছু ছাড়ও থাকে, যে সামগ্রীগুলি আপনার ট্যাক্স ধার্য করা আয় থেকে বাদ দেওয়া হয় (যেমন স্বাস্থ্য বিমা, স্কুলের টিউশন, চাকরীর জন্য প্রয়োজনীয় সামগ্রী বা উপকরণ ইত্যাদি)।
- আপনি শুধুমাত্র নিজের জন্য অথবা আপনার স্বামী/স্ত্রী (তাদের রোজগার থাকুক বা না থাকুক) ও বাচ্চাদের এবং অন্যান্য নির্ভরশীল ব্যক্তিদের নিয়ে একটি পরিবার হিসাবে ট্যাক্স দিতে পারবেন।

## ট্যাক্স দেওয়ার জন্য আমার কোন কোন নথিপত্রের দরকার হবে?

- ব্যক্তিগত তথ্য
  - আয়কারীদের ট্যাক্সপেয়ার আইডি নম্বর (SSN বা ITIN)
  - নির্ভরশীল ব্যক্তিদের ট্যাক্সপেয়ার আইডি নম্বর (SSN বা ITIN)
  - জন্মতারিখ
  - ট্যাক্স রিটার্নে প্রত্যেক ব্যক্তির ফটো আইডি থাকবে
- আয়ের উৎস
  - চাকরির নিয়োগ - ফর্ম W2
  - স্বাধীন পরামর্শদাতা/ চুক্তিকারী – ফর্ম 1099-MISC
  - স্বাধীন কর্মী – সমস্ত আয় ও ব্যয়ের প্রমাণপত্র যেমন চেক রেজিস্টার, রসিদ ও ক্রেডিট কার্ডের স্টেটমেন্ট

- বেকারত্ব - ফর্ম 1099G
- ভাড়া থেকে আয়
- অবসর জীবনের আয়
- সেভিংস, বিনিয়োগ ও ডিভিডেন্ড থেকে সুদ
- আয়ের অন্য কোন উৎস

- ছাড়
  - বাড়ির মালিকানা
  - দাতব্য
  - চিকিৎসা খরচ
  - স্বাস্থ্য বিমা
  - চাইল্ডকেয়ার ও শিক্ষার খরচ
  - চাকরী সংক্রান্ত খরচ
  - অবসর সংক্রান্ত ও অন্যান্য সঞ্চয়
  - ফেডেরাল ডিক্লেয়ারড ডিজাস্টারস (FEMA)
  - আর্নড ইনকাম ট্যাক্স ক্রেডিট (EITC)

## আমার ট্যাক্স ফাইল করার কাজে কে সাহায্য করতে পারবেন?

ট্যাক্স রিটার্ন ফাইল করার সঠিক উপায় হল একজন এক্সপার্ট ট্যাক্স পেয়ারারের সাহায্য নেওয়া। এই ব্যক্তি বিশ্বস্ত ও নির্ভরযোগ্য হতে হবে, কারণ আপনি নিজের ব্যক্তিগত ও গোপনীয় তথ্য তাকে জানাবেন। একজন নির্ভরযোগ্য ট্যাক্স পেয়ারার বেছে নেওয়ার কিছু টিপস দেওয়া হল:

- তার যেন প্রিপেয়ারার ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর (PTIN) থাকে। এই নম্বরের মাধ্যমে তারা আপনার ট্যাক্স রিটার্ন প্রস্তুত করতে সাহায্য করেন। এমন প্রিপেয়ারারের সাহায্য নেবেন না যার এই নম্বর নেই অথবা যিনি নম্বরটি তৈরি হচ্ছে বলে জানাবেন। এই ব্যক্তি প্রতারক হতে পারেন।
- নির্দিষ্ট একটি অর্থমূল্যের কম রোজগার করেন এমন ব্যক্তিদের বহু সংস্থা বিনামূল্যে ট্যাক্স প্রস্তুত করে দেয়। নিউ ইয়র্ক সিটিতে এগুলিকে VITA (ভলেন্টিয়ার ইনকাম ট্যাক্স অ্যাসিস্টেন্স) কেন্দ্র বলা হয়, আপনার পক্ষে একটি সুবিধাজনক কেন্দ্র খুঁজে নিতে এখানে দেখুন https:// www.nyc.gov/site/dca/consumers/ file- your-taxes.page
- ।আপনি যদি বিনামূল্যে প্রস্তুতির যোগ্যতা লাভ না করতে পারেন, তাহলে সবসময় প্রিপেয়ারারের পারিশ্রমিক জেনে নেবেন। এমন পারিশ্রমিক দিতে রাজি হবেন না যেখানে আপনার ফেরত পাওয়া অর্থের একটি শতাংশ চাওয়া হবে।
- ফেরত পাওয়া টাকা যেন সরাসরি আপনার অ্যাকাউন্টে পাঠানো বা জমা করা হয়, প্রিপেয়ারারের অ্যাকাউন্টে নয়।
- আপনার প্রিপেয়ারার যেন ই-ফাইলিং করতে পারেন এবং আপনার রিটার্ন যেন ইলেকট্রনিকভাবে উপস্থাপন করা যাবে কিনা জেনে নিন।
- আপনার রিটার্ন সঠিক সময়ের মধ্যে জমা দেবেন। সাধারণত এপ্রিল মাসের দ্বিতীয় সপ্তাহের মধ্যে জমা দিতে হয়।


## কোথায় বিশ্বস্ত ও বিনামূল্যের পরিষেবা পাব?

**বিকল্প এক: একটি বিনামূল্যের ট্যাক্স রিটার্ন প্রিপেয়ারার সেন্টার খুঁজে নিন।** যাদের সর্বোচ্চ ব্যক্তিগত আয় $56,000 হয় ও যৌথ আয় $80,000 হয়; প্রবীণ ও প্রতিবন্ধী ব্যক্তিরা ভলেন্টিয়ার ইনকাম ট্যাক্স অ্যাসিস্টেন্স প্রোগ্রাম (VITA) ও ট্যাক্স কাউন্সেলিং ফর দ্য এল্ডারলি প্রোগ্রাম (TCE) এর সহায়তা পাওয়ার যোগ্যতালাভ করেন। এই কেন্দ্রগুলিতে পাওয়া যায়:

- যোগ্যতাপ্রাপ্ত করদাতাদের জন্য বিনামূল্যের ট্যাক্স আবেদনে সহায়তা ও ই-ফাইলিং পরিষেবা।
- ট্যাক্স রিটার্ন প্রস্তুত করার জন্য বিশ্বস্ত ও প্রত্যয়িত IRS সোর্স।
- স্প্যানিশ ভাষায় পরিষেবা।
- আপনার নকিটবর্তী VITA অথবা TCE কন্দের খুঁজে ননি: https://www.irs.gov/individuals/free- tax-return- preparation-for-qualifying- tataxpayers
- নডি ইয়র্করে কন্দেরগুল িখুঁজত েদখেুন: https://a866- dcwpwb.nyc.gov/ftps_map/

**বিকল্প দুই: IRS ফ্রি ফাইল পরিষেবা ব্যবহার করুন।** যাদের ব্যক্তিগত আয় $73,000 বা তার কম তারা ফ্রি ফেডেরাল ট্যাক্স রিটার্নের জন্য যোগ্যতা পাবেন এবং যেকোন আয়ের ক্ষেত্রে ইন্টার্যাক্টিভ ফর্ম পাওয়া যাবে। ফ্রি ফাইলের ক্ষেত্রে পাওয়া যাবে:

- IRS প্রত্যয়িত বিনামূল্যের প্ল্যাটফর্ম থেকে সহায়তাযুক্ত প্রস্তুতি।




- যুক্তরাষ্ট্রীয় ও রাজ্যের ট্যাক্স সহজে ও নিরাপদে ফাইল করার সুবিধা।
- ইংরাজি বলতে পারেন ও ইলেকট্রনিক ফর্ম পূরণে স্বচ্ছন্দ এমন ব্যক্তিদের জন্য একটি বিকল্প ব্যবস্থা।
- ফ্রি ফাইল প্রদাতা খুঁজে নিন: https://www.irs. gov/filing/free-file-do-your-federal-taxes- for-free

## বিকল্প তিন: একজন অনুমোদিত ট্যাক্স প্রোভাইডার খুঁজে নিন।

- যোগ্য ট্যাক্স প্রোভাইডাররা ইলেকট্রনিকভাবে ফাইল করা রিটার্ন প্রস্তুত, পর্যালোচনা ও প্রক্রিয়াকরণ করতে পারেন।
- এরা স্বতন্ত্রভাবে এই পরিষেবা দিতে পারেন অথবা কোন আর্থিক সংস্থার প্রতিনিধি হতে পারেন।
- প্রদাতা অনুযায়ী পরিষেবা মূল্যে তারতম্য দেখা দেবে।
- সাবধান। পরিষেবা নেওয়ার আগে তাদের প্রিপেয়ারার ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর (PTIN) যাচাই করে নিতে ভুলবেন না।
- আপনার নকিটবর্তী IRS অনুমোদিত ট্যাক্স প্রোভাইডার খুঁজে নিন: https://www.irs.gov/e-file-providers/authorized-irs-e-file-provider-locator- service-for-tax-professionals।
- আপনার ট্যাক্স প্রোফাইডারের PTIN যাচাই করুন: https://irs.treasury.gov/rpo/rpo.jsf

## ট্যাক্স সেশনের জন্য প্রস্তুত থাকার সুপারিশসমূহ

- **ট্যাক্স ফাইল করার সঠিক উপায় হল একজন অনুমোদিত ট্যাক্স প্রিপেয়ারারের সাহায্য নেওয়া।** এই ব্যক্তির বিশ্বস্ত হওয়াটা অত্যন্ত জরুরী কারণ আমরা আমাদের ব্যক্তিগত ও গোপনীয় তথ্য তাকে জানাই। তার PTIN স্ট্যাটাস যাচাই করে নিন।
- **IRS এর কাছে নিজের তথ্য আপডেট করুন।** ট্যাক্স রিটার্ন ফাইল করার অর্থ এটা নয় যে আপনি যত খুশি টাকা দিয়ে দেবেন; বরং আপনাকে নিজের তথ্য IRS এর কাছে আপডেট করতে হবে, যার ফলে চাইল্ড ট্যাক্স ক্রেডিটের মত সুবিধা পাওয়া যাবে।
- **আপনার রিফান্ড সরাসরি জমা দেওয়ার অনুরোধ জানান।** IRS করদাতাদের ইলেকট্রনিকভাবে ফাইল করার সময় সরাসরি নিজেদের অ্যাকাউন্টে রিফান্ডের টাকা জমা নেওয়ার ব্যবস্থা করতে জানাচ্ছে যাতে রিফান্ডের কাজ দ্রুত হয় আর প্রতারণা এড়ানো যায়।
- **সম্ভাব্য প্রতারণা ও আর্থিক অপব্যবহার থেকে নিজেকে সুরক্ষিত রাখুন।** মনে রাখবেন IRS করদাতাদের ফোনে, টেক্সট ম্যাসেজ, ইমেল অথবা সোশ্যাল মিডিয়ায় তথ্য জানানোর অনুরোধ করে না।
- **আপনার ট্যাক্স রিফান্ডের জন্য একটি পরিকল্পনা তৈরি করুন।** ট্যাক্স রিফান্ডের মাধ্যমে আপনার পেমেন্ট, ঋণ ও সঞ্চয় পরিকল্পনার বিষয়ে ভাবতে সুবিধা হয়। নিজের টাকার বিষয়ে সতর্ক থাকুন!
- আপনার রিফান্ডের স্থিতি দেখুন: https://www.irs.gov/refunds

- আপনার ট্যাক্স রিটার্ন করার জন্য আরও সময় লাগলে, অতিরিক্ত সময়ের অনুরোধ জানান। আরও তথ্য জানতে দেখুন: https://www.irs.gov/forms-pubs/extension-of-time-to-file-your-tax-return
- ট্যাক্স সংক্রান্ত আরও তথ্য জানার দরকার হলে IRS এর ওয়েবসাইট দেখুন: https://www.irs.gov/

*“আমি একবার এক ট্যাক্স প্রিপেয়ারের হাতে খুব ঠকেছিলাম। এখন ওদের বিশ্বাস করতেই ভয় করে।”*

*ডাগমার – ব্রুকলিন*



# 7. প্রতারণা ও অর্থনৈতিক অপব্যবহার

প্রতারণা হল বেআইনি কাজের মাধ্যমে, সাধারণত প্রচুর পরিমাণ টাকার জন্য মানুষকে ঠকানো। প্রতারকদের জেলে পাঠিয়ে শাস্তি দেওয়া হয়।

অন্যায় সুবিধা নেওয়া বেআইনি নয় কিন্তু তা অনৈতিক। এক্ষেত্রে এমন পরিষেবার জন্য প্রচুর টাকা পারিশ্রমিক নেওয়া হয় যা অন্যান্য জায়গায় অনেক কম মূল্যে এমনকি বিনামূল্যে লাভ করা যায়।

## অভিবাসীদের লক্ষ্য করে প্রতারণার উদাহরণ

### পরিচয় চুরি হয়ে যাওয়া:

আপনার ব্যক্তিগত তথ্য নিয়ে একজন প্রতারক:

- আপনার অ্যাকাউন্ট থেকে টাকা তুলে নিতে পারে
- আপনার অনুমোদন ছাড়া কেনাকাটা করতে পারে
- আপনার চেক দিয়ে পেমেন্ট করতে পারে
- নতুন অ্যাকাউন্ট খুলতে পারে
- আপনার ক্রেডিট হিস্ট্রির উপর প্রভাব পড়তে পারে
- ক্রেডিট কার্ড নিতে পারে
- একটি ব্যবসা খুলতে পারেন

### পরিচয় চুরির সাধারণ পদ্ধতি:

- কেউ আপনার সাথে যোগাযোগ করে জানাতে পারে যে আপনার ব্যাঙ্কের তথ্য (ব্যক্তিগত তথ্য সহ) যাচাই করতে চায়। এরা টেক্সট, ইমেল, হোয়াটসঅ্যাপ ইত্যাদির মাধ্যমে আপনার সাথে যোগাযোগ করতে পারে।
- কেউ আপনার সাথে যোগাযোগ করে জানাল যে আপনি কোন পুরস্কার বা সদস্যপদ জিতেছেন, এগুলি পাঠানো বা জমা দেওয়ার জন্য আপনার ব্যক্তিগত/ব্যাঙ্কের তথ্য জানাতেই হবে।
- অনেকে অসহায় অবস্থার সুযোগ নিয়ে আপনার তথ্য জানার চেষ্টা করতে পারে, যেমন কোন আত্মীয় যদি আটক কেন্দ্রে থাকে অথবা পরিবারের কেউ মারা যায়।

**এই ধরণের ছলনার বিষয়ে জানা উচিৎ ও সতর্ক থাকা উচিৎ।**

### এই ধরণের প্রতারণার শিকার হওয়া কীভাবে এড়াবেন ও আটকাবেন?

নিজের তথ্য সুরক্ষিত রাখুন। ব্যাঙ্ক অ্যাকাউন্ট, ক্রেডিট কার্ড ও ডেবিট কার্ডের নম্বর, পিন নম্বর, সোশ্যাল সিকিউরিটি বা ITIN নম্বর, জন্মদিন ও ঠিকানা কখনও কাউকে জানাবেন না!

- আপনার ব্যক্তিগত তথ্য নিরাপদ স্থানে রাখুন।
- আপনার ওয়ালেটে সীমিত পরিমাণ তথ্য রাখুন (যেমন ব্যাঙ্ক অ্যাকাউন্টের তথ্য সাথে রাখবেন না)।
- ছোট, সহজে অনুমান করা যায় এমন পাসওয়ার্ড আপনার ক্রেডিট কার্ড, ব্যাঙ্ক ও টেলিফোন অ্যাকাউন্টে ব্যবহার করবেন না। কেউ অনুমান করতে পারবে না এমন পাসওয়ার্ড তৈরি করার জন্য নির্দেশ মেনে চলুন।
- আপনার কম্পিউটার ও ফোন এবং অ্যান্টি-ভাইরাস প্রোগ্রামগুলি নিয়মিত আপডেট করতে ভুলবেন না।
- ইমেলের কোন লিঙ্ক বিশেষ করে এমন আর্থিক সংস্থা যার নাম জানেন না তাদের লিঙ্কে কখনও ক্লিক করবেন না।

### আপনার পরিচয় চুরি হয়ে গেলে কোন সংস্থার সাথে যোগাযোগ করবেন?

1. প্রাথমিকভাবে একটি প্রতারণার সতর্কতা (ফ্রড অ্যালার্ট) স্থাপন করুন: তিনটি ক্রেডিট রিপোর্টিং কোম্পানির (এক্সপেরিয়ান, ট্রান্সইউনিয়ন বা ইকুইফ্যাক্স) মধ্যে যেকোন একটিকে আপনার রিপোর্টে প্রতারণার সতর্কতা স্থাপন করতে বলুন। আপনি যে কোম্পানির সাথে ব্যবস্থা করবেন তারা অন্যদের আপনার সতর্কতা সম্পর্কে জানাবে।

2. আপনার ক্রেডিট রিপোর্টে প্রতারণার সতর্কতা থাকলে অন্য কেউ আপনার হয়ে অ্যাকাউন্ট খুলতে পারবে না। এই সতর্কতা 90 দিন বজায় থাকবে, তবে তার পরে আবার নতুন করে সতর্কতা জারি করা যাবে। ক্যালেন্ডারে দাগ দিয়ে হিসাব রাখবেন!

3. FTC (ফেডেরাল ট্রেড কমিশন) এর কাছে পরিচয় চুরির অভিযোগ জানান 1-877-438-4338 নম্বরে।

4. আপনার আইডেন্টিটি থেফট এফিডেভিট রিপোর্ট প্রিন্ট করুন।

5. আইডেন্টিটি থেফট এফিডেভিটের সাথে একটি পুলিশ রিপোর্ট ফাইল করুন।

6. আপনার সমস্ত ডেবিট ও ক্রেডিট কার্ড বাতিল করে নতুন কার্ড নিন।




## পিরামিড স্কিম ও মাল্টি-লেভেল মার্কেটিং কোম্পানি

**পিরামিড স্কিম** হল এমন কোম্পানি বা ব্যক্তি যারা বিনিময়ে কোন লাভ না দিয়ে মানুষের কাছ থেকে টাকা আদায় করে নেয়।

এই পিরামিড স্কিমগুলি যেভাবে কাজ করে তা হল একটি প্রকল্পে অনেক মানুষকে অংশগ্রহণ করতে আমন্ত্রণ জানায় অথবা (চমৎকারী পণ্যে) বিনিয়োগ করে অংশগ্রহণকারীদের বিশাল লাভ/আয় করার প্রতিশ্রুতি দেয়!

মানুষ যে টাকা "বিনিয়োগ" করে তা এই পিরামিডে আগে প্রবেশ করা মানুষের হাতে যায় আর সবে যোগ দেওয়া মানুষের টাকা বিনিয়োগকারীদের কাছে যায়। তবে, যখন নতুন কেউ যোগ দেয় না (কারণ পিরামিডের নীচের অংশ ক্রমশ চওড়া হতে থাকে), এই পিরামিড ধসে পড়ে আর সব মানুষ একসাথে ঋণগ্রস্ত হয়ে পড়ে।

**মাল্টি-লেভেল মার্কেটিং কোম্পানি** হল এমন ব্যবসা যারা পণ্য বিক্রি করে কিন্তু এই পণ্য বিক্রি করতে আরও মানুষকে নিযুক্ত করার জন্য বিক্রেতাদের কিছু প্রতিদান দেয়।

- এই ব্যবসাগুলি বৈধ কিন্তু অত্যন্ত ঝুঁকিপূর্ণ আর এগুলির মধ্যে বেশ কিছু কোম্পানি সম্পর্কে বর্তমানে তদন্ত চলছে (যেমন হার্বালাইফ)।

### পিরামিড স্কিমগুলি অবৈধ।

- বিনিয়োগ ও যোগদান করার আগে যেকোন কোম্পানির বৈধতা ও সাফল্য হার সম্পর্কে খোঁজখবর করা উচিৎ। সতর্ক থাকবেন, কারণ আপনাকে যারা নিযুক্ত করতে চাইছে তারা প্রচুর আয়ের প্রলোভন দেখাতে পারে আর আপনি শেষ পর্যন্ত কোন লাভের মুখ দেখতে নাও পারেন (এমনকি লোকসানও হতে পারে)।

**সেইসব কোম্পানিকে বিশ্বাস করবেন না যারা চমৎকারী পণ্যের সাথে অল্প সময়ের মধ্যে অভাবনীয় ফলাফল দেওয়ার প্রতিশ্রুতি দেয়,** অন্যদের এই পণ্য কেনার জন্য আপনাকে রাজি করাতে বলে। এইগুলি পিরামিড স্কিম আর এগুলি বেআইনি।

# অন্যান্য প্রকারের জালিয়াতির উদাহরণ

## প্রতারণার শিকার হওয়া কীভাবে এড়াবেন ও আটকাবেন?

- শিক্ষার্থীদের লোন, স্বাস্থ্য পরিষেবা ও ট্যাক্স সংক্রান্ত জালিয়াতি। এইসব ক্ষেত্রে আপনার কাছ থেকে গোপন তথ্য জানার জন্য ঋণ মকুব বা আর্থিক ত্রাণের প্রতিশ্রুতি দেওয়া হয়। প্রতারকেরা ফোন, ইমেল বা ডাকে পাঠানো চিঠির মাধ্যমে স্কিমিং ও ফিশিং কৌশল ব্যবহার করে আপনার তথ্য জেনে নেয়।

- ঝুঁকিবিহীন বিনিয়োগ। বহু জালিয়াতেরা তাদের শিকারকে এটা বিশ্বাস করায় যে তারা অনেক টাকা বা পুরষ্কার জিতেছেন। মানুষ এই খবর শুনে উত্তেজিত হয়ে পড়েন আর জালিয়াতেরা এই অবস্থার সুযোগ নিয়ে এই টাকা কোথায় পাঠাতে হবে জানতে চায়। এই টাকা জমা করার পরে এই তথাকথিত বিজয়ী নিজের সব টাকাও খুইয়ে ফেলবেন।

- ফিশিং এক্সপার্টরা এমন ইমেল বা টেক্সট ব্যবহার করে যা দেখে মনে হয় সেগুলি কোন ব্যাঙ্ক বা বিখ্যাত বিপণনী অথবা আপনার পরিচিত কারও কাছ থেকে পাঠানো হচ্ছে। তারা আপনার ব্যাঙ্ক অ্যাকাউন্ট অথবা ক্রেডিট কার্ড নম্বর, লগইন তথ্য অথবা ব্যক্তিগত তথ্য যেমন আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বর জানার চেষ্টা করবে।

- ঋণ সংগ্রহের জালিয়াতি। অনেক সময় জালিয়াতরা কালেক্টর সেজে এমন ঋণ সংগ্রহ করতে আসে যা আপনি আগে শোধ করে দিয়েছেন বা কখনও নেননি। আপনি যে ঋণ নিয়েছেন বলা হচ্ছে তার কোন লিখিত প্রমাণ দিতে কলার অস্বীকার করলে অথবা টাকা দেওয়ার জন্য হুমকি দিলে বিপদ বুঝবেন।

- নিয়োগ সংস্থা। জালিয়াতেরা অনলাইনে অথবা শ্রেণীবদ্ধ বিজ্ঞাপনে নিয়োগকর্তা বা সংস্থা মালিক হিসাবে ভালো চাকরীর বিজ্ঞাপন দেয়। এর মধ্যে থাকে বাড়ি থেকে কাজের সুযোগ। কিন্তু একবার এই চাকরী পেয়ে গেলে আপনাকে আসলের মত দেখতে একটি মাইনের চেক নিজের অ্যাকাউন্টে জমা করতে বলবে এবং ব্যবসায়িক উদ্দেশ্যে এই টাকার কিছু অংশ অন্য কোন অ্যাকাউন্টে পাঠাতে বলবে।

- মিটিয়ে না দেওয়া ভাড়া। জালিয়াতরা ভাড়া সংক্রান্ত বিজ্ঞাপন দেবে, এমনকি তারা ভ্রমণের অফার দেবে ও বিস্তারিত তথ্যের সাথে ইমেল করবে। টাকা জমা দেওয়ার পরে এই ভণ্ড বাড়িমালিক উধাও হয়ে যাবে আর টাকাটাও নষ্ট হবে।

- অভিবাসন পরিষেবা। এর মানে হল অভিবাসন সংক্রান্ত আইনি পরিষেবার জালিয়াতি যার শিকার হন অসহায় অভিবাসী সমাজের মানুষ। এই পরিষেবা আইনজীবী ও আইনজীবী নন এমন মানুষও দিতে পারেন। এই কাজ এমন লোকও করতে পারে যারা ফোনে প্রতারণা করে এবং অভিবাসনের পরিণতি সম্পর্কে মিথ্যা হুমকি দেয়। ICE এজেন্ট সেজে টাকা চায়।

- "10-বছরের ভিসা" প্রতারণা। বিবেকহীন আইনজীবী ও অভিবাসন সহায়তা পরিষেবা প্রদাতারা অভিবাসীদের জানায় যে তারা যদি দশ বছরের জন্য ইউনাইটেড স্টেটসে থাকেন তাহলে তারা ভিসা বা গ্রিন কার্ড পেয়ে যাবেন। এই প্রতারকেরা সাধারণত এটা বোঝাতে পারেন না যে এই প্রক্রিয়ায় যথাযথভাবে এগিয়ে যাওয়ার জন্য অভিবাসীদের বিতাড়ন প্রক্রিয়ার সম্মুখীন হতে হবে এবং পরিবারের একজন যোগ্যতাপ্রাপ্ত সদস্যের কাছে "চরম, অসামান্য ও ব্যতিক্রমী কষ্টকর পরিস্থিতি" প্রমাণ করতে হবে।

# নিজেকে কীভাবে সুরক্ষিত রাখব?

- **আপনার ব্যক্তিগত তথ্য একটি নিরাপদ স্থানে রাখুন বা ফেলে দেওয়ার দরকার হলে যথাযথভাবে নষ্ট করুন।** গোপনীয় কাগজপত্র যেমন আপনার পাসপোর্ট, SSN, বা ITIN কার্ড সম্পর্কে বিচক্ষণতার সাথে কাজ করুন; আপনার সমস্ত কাগজপত্র একটি নিরাপদ স্থানে রাখুন ও ব্যাঙ্ক স্টেটমেন্টগুলি ছিঁড়ে ফেলুন।

- আপনি নিজে থেকে যোগাযোগ না করলে ফোনে বা ইমেলের মাধ্যমে **গোপনীয় তথ্য অন্য কাউকে জানাবেন না।** নিজেকে শান্ত রাখুন ও তাদের তথ্য জানতে চান (সংস্থার নাম, এজেন্টের নাম ও ফোন নম্বর) এবং সেই তথ্য সম্পর্কে নিশ্চিত হোন।

- টাকা যাদুবলে তৈরি হয়ে যাবে **এই ধরণের গল্প বিশ্বাস করবেন না।** নিজে খোঁজখবর করে নেবেন; কেউ বিশ্বাস না হওয়ার মত সুযোগ দিলে বুঝবেন তার উপর বিশ্বাস করা উচিৎ নয়।

- অযাচিত কথোপকথনের সাথে থাকা অ্যাটাচমেন্ট খোলা বা **লিঙ্কে ক্লিক করার সময় সতর্ক থাকবেন।** এইরকম ওয়েবসাইট বা ফোন নম্বর নিজে অনলাইনে খুঁজে যাচাই করে নেবেন এবং আপনার পাওয়া ইমেল বা টেক্সটের বৈধতা সম্পর্কে নিশ্চিত হওয়ার জন্য সেই সংস্থার সাথে নিজেই যোগাযোগ করে নেবেন।

- **নিজের ব্যক্তিগত তথ্য দেবেন না বা মৌখিকভাবে কোন ঋণ গ্রহণ করবেন না।** অনলাইনে খোঁজখবর করে ও কলারকে তার নাম, কোম্পানি, ঠিকানা ও পেশাদার ঋণ সংগ্রাহকের লাইসেন্স নম্বর জিজ্ঞাসা করে নিশ্চিত হয়ে নেবেন এই সংস্থা বৈধ কিনা।

- আপনার ক্রডেটি রপিে ার্ট ও ব্যাঙ্কিং স্টটেমনে্ট দখেবনে। নয়িমতি ব্যাঙ্ক স্টটেমনে্ট ও বছরে অন্ততপক্ষে একবার নজিরে ক্রডেটি রপিে ার্ট দখেে খরচ ও ক্রডেটি সক্রয়িতার হসিাব রাখবনে।

- আইনি পরিষেবার জন্য কখনও নগদ টাকা দেবেন না এবং কেউ যদি শুধুমাত্র নগদ টাকা যায় তাহলে তার থেকে সাবধান থাকুন। চেক, মানি অর্ডার, ক্রেডিট কার্ড অথবা ডেবিট কার্ডেই টাকা দেওয়া ভালো।

- সবসময় রসদি ও যে াগাযে াগরে তথ্য চয়েে নবেনে।

- কখনও আসল নথিপত্র দেবেন না, সেগুলির প্রতিলিপি দেবেন।

  আপনার জমা দেওয়া সম্পূর্ণ ফাইলের একটি প্রতিলিপি বানিয়ে রাখুন। আপনার সমস্ত নথিপত্রের প্রতিলিপি রাখুন ও চেয়ে নিন।

- ফাঁকা কাগজে অথবা এমন নথিপত্র যা আপনি বুঝতে পারছেন না, তাতে সই করবেন না। দরকার হলে, নিজের পড়তে পারার মত ভাষায় নথিপত্র চেয়ে নিন।

- আপনি যদি একজন আইনজীবী নিযুক্ত করেন, তার পরিচয় যাচাই করে নিন। সবসময় দ্বিতীয় মতামত নেবেন। **আমাদের অনেকের দেশের মত আমেরিকায় নোটারি বা নোটারিও আইনজীবী হন না, সুতরাং সতর্ক থাকবেন।** আমেরিকাতে তারা আইনি প্রতিনিধিত্ব করতে পারবেন না।

# আমার পরিচয় চুরি হয়ে গেলে কি করব?

- **আটর্নি জেনারেলের কাছ থেকে তথ্য জানুন:** https://ag.ny.gov/sites/default/files/identitytheft-toolkit-english.pdf, অথবা আপনি যদি নিউ ইয়র্কের বাসিন্দা হন, সহায়তা পাওয়ার জন্য 311-এ কল করুন।

- নিজের সমস্ত ডেবিট ও ক্রেডিট কার্ড বাতিল করুন ও নতুন কার্ড নিন।

- যে কোম্পানির সাথে প্রতারণা হয়েছে তাদের সাথে তৎক্ষণাৎ যোগাযোগ করুন। আপনার ক্রেডিট কার্ড অ্যাকাউন্ট অনুমোদনহীনভাবে ব্যবহারের অভিযোগ আনা হলে যুক্তরাষ্ট্রীয় আইন অনুযায়ী আপনার দায়বদ্ধতা $50 এর মধ্যে সীমিত থাকে এবং আপনি যদি রিপোর্ট করতে তিন দিন অপেক্ষা করেন, তাহলে আপনাকে $500 দিতে হতে পারে অথবা যদি চোর ডেবিট কার্ডটি ব্যবহার করে তাহলে তারও বেশী টাকা দিতে হতে পারে।

- **ক্রেডিট রিপোর্টিং এজেন্সিকে জানান।** রিপোর্টের একটি প্রতিলিপি চেয়ে অনুরোধ জানান। 90 দিনের জন্য একটি সতর্কতা সক্রিয় থাকবে, এরপর আবার একটি সতর্কতা স্থাপন করতে পারবেন – ক্যালেন্ডারে দাগ দিয়ে রাখুন।
  - Equifax: 1-866-349-5191
  - Experian: 1-888-397-3742
  - TransUnion: 1-855-681-3196

- **পরিচয় চুরির রিপোর্ট জানান।** ফেডারেল ট্রেড কমিশন (FTC)-এর কাছে পরিচয় চুরির অভিযোগ জমা দিন। কল করুন: 1-877-438-4338। আইডেন্টিটি থেফট সোর্ন ডিক্ল্যারেশন ব্যবহার করে পুলিশের কাছে অভিযোগ জানান।

- **নিজের কেসের পরবর্তী স্থিতি সম্পর্কে খোঁজ রাখুন।** পরিচয় চুরির কারণে ক্ষতিগ্রস্তরা তাদের ক্রেডিট ফাইল থেকে প্রতারণা সংক্রান্ত তথ্য "ব্লক" বা মুছে দেওয়ার অধিকার ধারণ করেন। ব্লক করা হলে, এই তথ্য আপনার ক্রেডিট রিপোর্টে দেখাবে না এবং কোম্পানিরা আপনার কাছ থেকে ঋণ সংগ্রহ করার জন্য চেষ্টা করতে পারবে না। আপনি পরিচয় চুরির রিপোর্ট জানালে ক্রেডিট ব্যুরোকে এই অনুরোধ মেনে নিতে হবে।

## কীভাবে একজন বিশ্বস্ত আইনজীবী খুঁজে পাবেন?

- **একজন ব্যক্তিগত আইনজীবীর তথ্য:** নিউ ইয়র্ক বার অ্যাসোসিয়েশনের লিগ্যাল রেফারেল সার্ভিস 212-626-7373
- **আইনি ও সমাজ সেবা প্রদাতাদের তথ্য:**

  নিউ ইয়র্ক ইমিগ্রেশন হটলাইন 800-566-7636
- **নিউ ইয়র্ক রাজ্যের মধ্যে একজন লাইসেন্সপ্রাপ্ত আইনজীবীর তথ্য নিশ্চিত করতে:** NYS ইউনিফায়েড কোর্ট সিস্টেম, অ্যাটর্নি রেজিস্ট্রেশন ইউনিট 212-428-2800
- আপনি যদি নিউ ইয়র্ক সিটির নিম্নবিত্ত বাসিন্দা হন তাহলে আপনি বিনামূল্যে আইনি প্রতিনিধিত্ব লাভ করার যোগ্যতা পেতে পারেন: নিউ ইয়র্ক ইমিগ্র্যান্ট ফ্যামিলি ইউনিটি প্রোজেক্ট (NYIFUP)।
- অন্যান্য বিশ্বস্ত সংস্থা: লিগ্যাল এইড সোসাইটি, নিউ ইয়র্ক লিগ্যাল অ্যাসিস্টেন্স গ্রুপ, মেক দ্য রোড NY, CUNY সিটিজেনশিপ নাও!, ক্যাথলিক চ্যারিটিজ, স্যাঙ্কচুয়ারি ফর ফ্যামিলিজ, ইমিগ্রেশন ইকোয়ালিটি ই ব্রঙ্কস লিগ্যাল সার্ভিসেস।
- ইমিগ্রেশন অ্যাডভোকেটস লিগ্যাল ডিরেক্টরি: https://www.immigrationadvocates.org/nonprofit/legaldirectory/
- নিউ ইয়র্ক ইমিগ্রেশন কোয়ালিশন www.thenyic.org

# ৪. অন্যান্য সংস্থান

## IDNYC কার্ড গ্রহণকারী ব্যাঙ্ক ও ক্রেডিট ইউনিয়ন

### অ্যামালগ্যামেটেড ব্যাঙ্ক

- IDNYC কার্ডে ফটো ও বসবাসের স্থান।
- IDNYC কারড শুধুমাত্র ব্রযাঞ্চে গ্রহণযে াগ্য হবে।
- SSN অথবা ITIN দরকার হবে
- অনাবাসী বহিরাগত অথবা US নাগরিক নন এমন ব্যক্তিদের TIN বা ITIN না থাকলে, নাগরিকত্ব থাকা দেশের প্রমাণ হিসাবে একটি বৈধ ও মেয়াদোত্তীর্ণ না হওয়া ফরেন পাসপোর্ট থাকতে হবে।

আপনার নিকটবর্তী ব্রাঞ্চের ঠিকানা জানতে দেখুন: https://www.amalgamatedbank.com/branch-locations

### ইউএসঅ্যালায়েন্স (USALLIANCE)

#### সদস্যপদ পাবেন:

- যারা নিউ ইয়র্কের অনুন্নত এলাকায় থাকেন, কাজ করেন, নিয়মিত ব্যবসা করেন, স্কুলে যান বা উপাসনা করেন।
- যারা ব্রঙ্কস, মাউন্ট ভারনন ও ইয়ঙ্কারসে থাকেন, কাজ করেন, নিয়মিত ব্যবসা করেন, স্কুলে যান বা উপাসনা করেন।
- যারা নিউ ইয়র্কের কলম্বিয়া, ডাচেস, গ্রিন, অরেঞ্জ, পাটনাম, রকল্যান্ড, সালিভান, আলস্টার বা ওয়েস্টচেস্টার কাউন্টিতে রাজ্য বা স্থানীয় সরকারী সংস্থায় কাজ করেন বা অবসর নিয়েছেন।

#### প্রয়োজনীয় নথিপত্র:

- দরকার দ্বারা জারি করা বৈধ, ও মেয়াদ থাকা ফটো আইডি: ড্রাইভার্স লাইসেন্স, রাজ্য সরকারের জারি করা আইডেন্টিটি কার্ড, নিউ ইয়র্ক সিটির জারি করা আইডেন্টিটি কার্ড (IDNYC), স্থায়ী বাসিন্দার কার্ড, U.S. বা অন্য দেশে জারি করা পাসপোর্ট, অথবা একটি কনস্যুলার ফটো আইডেন্টিটি কার্ড।
- ঠিকানার প্রমাণ: সাম্প্রতিক টেলিফোন, কেবল, ইউটিলিটি বিল, লীজের চুক্তি, ভোটার কার্ড, ভাড়ার রসিদ।
- সোশ্যাল সিকিউরিটি নম্বর বা ITIN আপনার নিকটবর্তী ব্রাঞ্চের ঠিকানা খুঁজুন: https://www.usalliance.org/about-us/atm-branch-locator, অথবা কল করুন: +1 (800) 431-2754

### ব্রুকলিন কোঅপারেটিভ ফেডেরাল ক্রেডিট ইউনিয়ন

- সরকারের জারি করা ফটো আইডি
- ঠিকানার প্রমাণ – সদস্যের নাম থাকা যেকোন চিঠি
- ন্যুনতম $30 জমা ($5 ন্যুনতম ব্যাল্যান্স + $25 এর এককালীন সদস্যপদ মূল্য) দিতে হবে
- SSN বা ITIN দরকার হবে না, তবে সদস্যের সেভিং অ্যাকাউন্টে ডিভিডেন্ট পাওয়ার জন্য ITIN বা SSN লাগবে।
- সদস্যপদ পাবনে:
- বেডফোর্ড-স্টুইভেস্যান্ট ও বুশউইক এলাকার সাথে যোগাযোগ থাকা ব্যক্তি।

নকিটবরত্ী ব্রাঞ্চরে ঠকিানা খুঁজে ননি: https://www.brooklyn.coop/

### কার্ভার ফেডেরাল সেভিংস ব্যাঙ্ক

- SSN অথবা ITIN লাগবে
- চেকিং অ্যাকাউন্টের জন্য ন্যুনতম $25.00 অথবা সেভিংস অ্যাকাউন্টের জন্য ন্যুনতম $50.00 জমা দিতে হবে
- শনাক্তকরণের দুটি ফর্ম
- আবেদনের শর্ত সম্পর্কে আরও জানতে দেখুন: https://forms.ebankhost.net/G426AcctApp/Form/AddFormPage.aspx

আপনার নকিটবরত্ী ব্রাঞ্চ খুঁজে নওেয়ার জন্য দেখুন: https://www.carverbank.com/

### ইস্ট ওয়েস্ট ব্যাঙ্ক

আপনার নিকটবর্তী ব্রাঞ্চ খুঁজে নেওয়ার জন্য দেখুন: https://www.eastwestbank.com/

### ফার্স্ট রিপাবলিক ব্যাঙ্ক

আপনার নিকটবর্তী ব্রাঞ্চ খুঁজে নেওয়ার জন্য দেখুন: https://www.firstrepublic.com/

## লোয়ার ইস্ট সাইড পিপলস ফেডেরাল ক্রেডিট ইউনিয়ন

- বাড়রি ঠকিানার প্রমাণ।
- $5 এর এককালীন সদস্যপদ মূল্য।
- $3 এর মাসকি রক্ষণাবক্ষেণ মূল্য দতিে না চাইলে ন্যূনতম $75 জমা দতিে হবে।
- সদস্যপদ পাবনে:
- যারা লোয়ার ইস্ট সাইড (ম্যানহাটন কমিউনিটি বোর্ড 3), সেন্ট্রাল হারলেম (ম্যানহাটন কমিউনিটি বোর্ড 10), ও ইস্ট হারলেম (90থ স্ট্রীট নর্থ থেকে 125থ স্ট্রীট ও ইস্ট রিভার ড্রাইভ থেকে ফিফথ অ্যাভেনিউর পূর্ব দিক দ্বারা সীমা নির্দেশিত)-এর যেকোন সংস্থায় কাজ করেন, স্কুলে যান, থাকেন, কাজ করেন, স্বেচ্ছাসেবা করেন বা উপাসনা করেন;
- নিউ ইয়র্কের বাসিন্দা যারা বছরে $38,000 এর কম আয় করেন;
- একটি HDFC কো-অপ বিল্ডিং-এর বাসিন্দা;
- যারা LESPFCU এর সিলেক্ট পার্টনার গ্রুপগুলির যেকোন একটির সহযোগী হন;
- বর্তমানে LESPFCU এর সদস্যের পরিবারের মানুষ।
- SSN অথবা ITIN লাগবে না তবে ক্রডেটি ইউনয়িনরে প্রতনিধিি ITIN এর জন্য আবদেন করায় সহায়তা করতে পারনে।

আপনার নিকটবর্তী ব্রাঞ্চের ঠিকানা জানতে দেখুন: https://lespeoples.org/

## মেলরোজ ক্রেডিট ইউনিয়ন

- নিউ ইয়র্কের সমস্ত বাসিন্দা মেলরোজ ক্রেডিট ইউনিয়নের সদস্য হতে পারবেন।
- সদস্যপদরে তথ্য জানতে তাদরে ওয়বেসাইট দখেুন http://www.melrosecu.org/

আপনার নিকটবর্তী ব্রাঞ্চের ঠিকানা জানতে দেখুন: http://www.melrosecu.org/

## নেবারহুড ট্রাস্ট ফেডেরাল ক্রেডিট ইউনিয়ন

- SSN অথবা ITIN থাকলে ভালে া হয় এবং একজন NTFCU ইউনয়িন প্রতনিধিি ITIN এর আবদেন জানানে ায় সহায়তা করবনে।
- একটি বৈধ ফটো আইডি ও ঠিকানার প্রমাণও দরকার হবে।
- IDNYC কার্ডহোল্ডারেরা $5 এর সাথে অ্যাকাউন্ট খুলতে পারবেন।
- সদস্যপদ পাবেন:
- যারা ওয়াশিংটন হাইটস, ওয়েস্ট হারলেম বা ইনউডে কাজ করেন বা পড়াশোনা করেন (অথবা যারা গেটিং অ্যাহেড কোর্সে স্নাতক হয়েছেন অথবা একটি সিঙ্গল স্টপ বা ফাইন্যান্সিয়াল এম্পাওয়ারমেন্ট সেন্টার সিয়াট থেকে নির্দেশিত হয়েছেন)।

আপনার নিকটবর্তী ব্রাঞ্চের ঠিকানা জানতে দেখুন: http://www.neighborhoodtrustfcu.org/

## PNC ব্যাঙ্ক

- SSN অথবা ITIN লাগবে

আপনার নিকটবর্তী ব্রাঞ্চের ঠিকানা জানতে দেখুন: https://www.pnc.com/en/personal-banking.html

## স্প্রিং ব্যাঙ্ক

- SSN অথবা ITIN লাগবে
- সঙ্গে একটি ফটো আইডি, ITIN/SSN, ও ঠিকানার প্রমাণ আনতে হবে।
- অ্যাক্সসে চকেিং-এর জন্য $25 মূল্য লাগবে, তবে অ্যাকাউন্ট যতদনি সক্রয়ি থাকবে ততদনি ন্যূনতম কে ান ব্যালান্স জমা রাখতে হবে না।
- সেভিংস অ্যাকাউন্টে ন্যূনতম $25 ব্যাল্যান্স রাখতে হবে।

আপনার নিকটবর্তী ব্রাঞ্চের ঠিকানা জানতে দেখুন: http://springbankny.com/

## ইউনিভার্সিটি সেটলমেন্ট ফেডেরাল ক্রেডিট ইউনিয়ন

- SSN অথবা ITIN লাগবে
- অ্যাকাউন্ট খোলার জন্য পরিচয়ের প্রমাণ হিসাবে IDNYC কার্ড থাকাই যথেষ্ট। তবে কার্ডহোল্ডারের কাছে তখনও IDNYC কার্ড এসে না পৌঁছালে, ইউনিভার্সিটি সেটলমেন্ট FCU পাসপোর্ট বা অন্য কোন আইডি গ্রহণ করবে যার মাধ্যমে তার পরিচয় প্রমাণ করা যাবে।
- ন্যূনতম প্রাথমকি ব্যালান্স হল $12
- সদস্যপদ পাবনে:
- ইউনিভার্সিটি সেটলমেন্ট অথবা দ্য ডোরের কর্মচারীরা;
- ইউনিভার্সিটি সেটলমেন্ট বা দ্য ডোর পরিচালিত যেকোন প্রোগ্রামে অংশগ্রহণকারীরা।

আপনার নিকটবর্তী ব্রাঞ্চ খুঁজে নিতে দেখুন: http://www.usfcu-nyc.org/

## আরবান আপবাউন্ড ফেডেরাল ক্রেডিট ইউনিয়ন

- SSN অথবা ITIN লাগবে
- ঠিকানার প্রমাণ
- খোলার সময় $25 এর ন্যূনতম ব্যাল্যান্স
- সদস্যপদ পাবেন:
- যারা কমিউনিটি বোর্ড 1 ও 2 এ থাকেন, কাজ করেন অথবা উপাসনা করেন, যার মধ্যে পড়ে কুইন্সব্রিজ, র্যাভেন্সউড, লং আইল্যান্ড সিটি, অ্যাস্টোরিয়া, উডসাইড ও সানিসাইড; অথবা
- আরবান আপবাউন্ডের অন্যান্য পরিষেবা প্রাপকেরা (যেমন ফাইন্যান্সিয়াল ফিটনেস, ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট ইত্যাদি)

আপনার নিকটবর্তী ব্রাঞ্চ খুঁজে নিতে দেখুন: http://urbanupbound.org/

## NYC জাস্টিস ফাইন্যান্সিয়াল হটলাইন

নিউ ইকোনমি প্রোজেক্ট **NYC ফাইন্যান্সিয়াল জাস্টিস হটলাইন (212-925-4929)**, পরিচালনা করে, যেখানে সম্প্রদায় গোষ্ঠী ও নিম্নবিত্ত নিউ ইয়র্কবাসীদের বিনামূল্যের তথ্য, আইনি পরামর্শ ও সুপারিশের তথ্য জানানো হয় এই গুরুত্বপূর্ণ বিষয়গুলিতে:

- একটি ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলা ও বজায় রাখার সমস্যা
- অনৈতিক ব্যাঙ্কিং মূল্য বা অন্যান্য অনৈতিক ব্যাঙ্কিং ব্যবস্থা
- পে-ডে লোন, চেক ক্যাশার, পন শপ
- অবমাননাকর ঋণ সংগ্রহের ব্যবস্থা
- আপনার ক্রেডিট রিপোর্ট সংক্রান্ত সমস্যা
- অটো ফাইন্যান্সিং জালিয়াতি
- প্রিপেড ডেবিট কার্ড, পেরোল কার্ড
- নিয়োগকর্তা দ্বারা ক্রেডিট পরীক্ষা
- বাড়িতে টাকা পাঠানো (রেমিটেন্স)

**NYC ফাইন্যান্সিয়াল জাস্টিস হটলাইনে (212-925-4929)** ফোন করুন

এই সংস্থা নিজের অধিকার জানুন- তথ্যও জানায় যা ব্যবহার করে নিউ ইয়র্কবাসীরা অনৈতিক ও বৈষম্যমূলক আর্থিক ব্যবস্থাগুলির বিরুদ্ধে লড়াই করতে পারে।

তাদরে সাথে যে াগাযে াগ করুন! http://www.neweconomynyc.org/

## স্প্যানিশ, ইংরাজি ও ক্যান্টনিজ ভাষায় আর্থিক সংস্থাগুলির তুলনা করার সূত্র

https://www.osc.state.ny.us/financial-empowerment-resources

## অভিবাসন বিষয়ে মেয়রের অফিস থেকে IDNYC সংক্রান্ত তথ্য:

http://www1.nyc.gov/site/idnyc/benefits/banks-and-credit-unions.page

# অতিরিক্ত সংস্থান

## 1. অর্থনৈতিক ব্যবস্থা

a. **আপনার নিকটবর্তী ক্রেডিট ইউনিয়ন খুঁজুন:** https://www.inclusiv.org/initiatives/juntos-avanzamos-together-we-advance/

b. **স্প্যানিশ, ইংরাজি ও ক্যান্টনিজ ভাষায় আর্থিক সংস্থাগুলির তুলনা করার** অন্যান্য সূত্র: http://comptroller.nyc.gov/takeittothebank/find_a_bank.php

c. অভিবাসন বিষয়ে মেয়রের অফিস থেকে **IDNYC সংক্রান্ত তথ্য:** http://www1.nyc.gov/site/idnyc/benefits/banks-and-credit-unions.page

d. **IDNYC এর সাথে ব্যাঙ্ক অ্যাকাউন্ট।** নিউ ইয়র্কে আপনার IDNYC কার্ডের সাথে আপনি নিউ ইয়র্ক শহর জুড়ে বিভিন্ন আর্থিক সংস্থায় একটি ব্যাঙ্ক বা ক্রেডিট ইউনিয়ন অ্যাকাউন্ট খুলতে পারবেন: https://www1.nyc.gov/site/idnyc/benefits/banks-and-credit-unions.page

e. **নিউ ইয়র্ক সেফস্টার্ট অ্যাকাউন্ট।** অংশগ্রহণকারী ব্যাঙ্ক ও ক্রেডিট ইউনিয়ন ব্রাঞ্চে আপনি একটি NYC SafeStart অ্যাকাউন্ট খুলতে পারবেন। https://www1.nyc.gov/site/dca/consumers/open-savings-account.page#safestart

f. **ব্যাঙ্কঅন পার্টনার।** অনলাইনে ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলার জন্য: https://covidbanking.joinbankon.org/

g. **কেক্সসিস্টেমস।** গ্রাহকরা বছরে একবার বিনামূল্যে রিপোর্ট চাইতে পারবেন: www.Chexsystems.com এবং "Free FACTA Report" লিঙ্কে (ফেয়ার অ্যান্ড অ্যাকিউরেট ক্রেডিট ট্রানজেকশন অ্যাক্ট) ক্লিক করুন।

## 2. আর্থিক সরঞ্জাম

a. **কোয়ালিটাস অফ লাইফ বাজেটিং স্প্রেডশিট:** https://bit.ly/QualitasToolBudget

b. **নিউ ইয়র্ক ফাইন্যান্সিয়াল এম্পাওয়ারমেন্ট সেন্টার।** আপনার লক্ষ্য অর্জনে সহায়তা করতে এই কেন্দ্রে বিনামূল্যে সরাসরি পেশাদার, আর্ঠিক পরামর্শ ও প্রশিক্ষণ দেওয়া হয়। যোগাযোগের তথ্য: 311 এ কল করুন অথবা দেখুন: https://www1.nyc.gov/site/dca/consumers/get-free-financial-counseling.page

## 3. আপনার ক্রেডিট হিস্ট্রি কীভাবে বানাবেন

a. **চেক অ্যানুয়াল ক্রেডিট রিপোর্ট রিকোয়েস্ট সার্ভিস** হল সেরা ও সবথেকে বিশ্বস্ত জায়গা যেখান থেকে এই তথ্য পাওয়া যাবে। তথ্য জানার তিনটি উপায় আছে:

- ফোন: 1-877-322-8228
- ইন্টারনটে: www.annualcreditreport.com
- চিঠি: একটি টেমপ্লেট আছে যা ইন্টারনেটে পাওয়া যাবে। আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বর না থাকলে সেই স্থানটি ফাঁকা রাখবেন। পাঠানোর ঠিকানা: Annual Credit Report Request Service, P.O. Box 105281 Atlanta, GA 30348-5281.

b. **আপনার ক্রেডিট রিপোর্টের একটি বিনামূল্যের কপি চেয়ে তিনটি এজেন্সির যেকোন একটিকে অনুরোধ জানান:**

- Experian: www.experian.com
- Equifax: www.equifax.com
- TransUnion: www.transunion.com

c. **আপনার ক্রেডিট রিপোর্টে কোন অনিয়ম দেখতে পেলে।** তিনটি প্রধান ক্রেডিট ব্যুরোর একটির মাধ্যমে ক্রেডিট রিপোর্টে একটি প্রতারণা সতর্কতা স্থাপন করুন। প্রতারণার সম্মুখীন হওয়া সমস্ত অ্যাকাউন্ট বন্ধ করুন। এবং ফেডেরাল ট্রেড কমিশন (FTC)-এর কাছে অভিযোগ দায়ের করুন। দেখুন www. consumer.gov/idtheft or call toll-free at 1- 877-ID-THEFT (438-4338)।

**Qualitas of Life Foundation**
*1221 Avenue of the Americas*
*New York, NY · 10020*
*646-885-2290*
**www.qualitasoflife.org**

**The New York Immigration Coalition**
*131 West 33rd Street · Suite 610*
*New York, NY · 10001*
*212-627-2227*
**www.nyic.org**

